আল কুরআন
অনন্ত করুণাময় পরম দয়ালু আল্লাহর নামে আরম্ভ করছি
নিশ্চয়ই আল্লাহ আমার পালনকর্তা এবং তোমাদেরও পালনকর্তা-তাঁর এবাদত কর, এটাই হলো সরল পথ।
সূরা আল ইমরান ৫১

দৈনিক
কীর্তনখোলা
আত্মপ্রত্যয়ী প্রতিদিন

বরিশাল ॥ বুধবার ॥ ০৮ জুলাই ২০২৬ ॥ ২৩ মহররম ১৪৪৮ ॥ ২৩ আষাঢ় ১৪৩৩ ॥ ৯ম বর্ষ ॥ ৩৭ সংখ্যা ॥ ৪ পৃষ্ঠা ॥ ৫ টাকা

সেনাবাহিনীকে পেশাদারিত্ব ও সর্বোচ্চ প্রস্তুতি বজায় রাখার নির্দেশনা

কীর্তনখোলা ডেস্ক
প্রধানমন্ত্রী তারেক রহমান বাংলাদেশ সেনাবাহিনীর গ্রীষ্মকালীন প্রশিক্ষণ-২০২৬ কার্যক্রম পরিদর্শন করেছেন। এসময় ২ এর পাতায় দেখুন

গণভোটের রায় বাস্তবায়ন না হলে রাজনীতি সংঘাতের দিকে যেতে পারে

কীর্তনখোলা ডেস্ক
বাংলাদেশ জামায়াতে ইসলামীর সেক্রেটারি জেনারেল মিয়া গোলাম পরওয়ার বলেছেন, 'বাংলাদেশের রাজনীতির ২ এর পাতায় দেখুন

এনসিপির সমাবেশে হামলা ও বিদ্যুৎ সংযোগ বিচ্ছিন্নের অভিযোগ

কীর্তনখোলা ডেস্ক
সাভারে জাতীয় নাগরিক কমিটির (এনসিপি) উদ্যোগে আয়োজিত 'জুলাই পথযাত্রা' কর্মসূচির সমাবেশে বিদ্যুৎ সংযোগ ২ এর পাতায় দেখুন

জুলাই অভ্যুত্থানে আ.লীগের অপরাধের প্রাথমিক প্রমাণ মিলেছে

কীর্তনখোলা ডেস্ক
জুলাই গণঅভ্যুত্থানে সংঘটিত মানবতাবিরোধী অপরাধের সঙ্গে সংগঠন হিসেবে আওয়ামী লীগের প্রাথমিক ২ এর পাতায় দেখুন

দক্ষিণাঞ্চলে বেহাল ১১ শতাধিক কমিউনিটি ক্লিনিক

কীর্তনখোলা রিপোর্ট
বরিশালসহ গোটা দক্ষিণাঞ্চলেই মুখ থুবড়ে পড়েছে গ্রামীণ স্বাস্থ্যসেবার অন্যতম প্রধান মাধ্যম কমিউনিটি ক্লিনিক। বিভাগের এক হাজারের বেশি ক্লিনিকের এখন বেহাল দশা। কোথাও জরাজীর্ণ ভবন, কোথাও আবার ঝোপঝাড়ে বাসা বেঁধেছে বিষধর সাপ। এছাড়া ন্যূনতম তদারকির অভাব ও ওষুধ সংকট নিত্যদিনের বিষয় হয়ে দাঁড়িয়েছে। ফলে প্রান্তিক মানুষের দোরগোড়ায় স্বাস্থ্যসেবা পৌঁছে দেয়ার সরকারি উদ্যোগটি পুরোপুরি ভেস্তে যেতে বসেছে। স্বাস্থ্য অধিদফতরের তথ্যমতে, বরিশাল বিভাগে মোট কমিউনিটি ক্লিনিকের সংখ্যা ১ হাজার ১১৭টি। যার একটি বৃহৎ অংশ বর্তমানে ব্যবহারের অনুপযোগী হয়ে পড়েছে। অথচ সরকারি নথিতে এগুলোর অধিকাংশই সচল হিসেবে দেখানো হচ্ছে; যার বাস্তব চিত্র সম্পূর্ণ উল্টো। সরেজমিনে দেখা যায়, বরিশাল নগরীর কাশিপুরের ইছাকাঠি কমিউনিটি ক্লিনিকটি দেখতে পরিত্যক্ত ভবনের মতো মনে হয়। ছাদের পলেস্তারা খসে পড়েছে, বৃষ্টি হলে পানি জমে থাকে, আর মাসের পর মাস নেই বিদ্যুৎ। এর সাথে যুক্ত হওয়া ওষুধ সংকটের মাঝেই ঝুঁকি নিয়ে চলছে এখানকার স্বাস্থ্যসেবা। ইছাকাঠি এলাকার বাসিন্দা মো. রফিকুল ইসলাম ক্ষোভ প্রকাশ করে বলেন, 'সরকার ক্লিনিক দিছে সুবিধার জন্য, যাতে ঘরের কাছে চিকিৎসা পাই। কিন্তু এখানে আসলে ছোটখাটো দুই-একটা বড়ি ছাড়া কোনো ওষুধ পাওয়া যায় না। ভাঙাচোরা ঘরে ঝুঁকি নিয়ে বসতে হয়। সেবা নিতে এসে উল্টো আমাদের ভোগান্তি পোহাতে হচ্ছে।' একই এলাকার ভুক্তভোগী নারী মোসাম্মৎ রেহানা বেগম বলেন, 'বাচ্চাটারে নিয়ে আইছিলাম কাশির ওষুধ আর পরামর্শের জন্য। ডাক্তার (সিএইচসিপি) তো বসেন, কিন্তু প্রয়োজনীয় ওষুধপত্র নাই। বেশির ভাগ ওষুধই আমাদের বাইরে থেকে কিনতে হয়। এই ক্লিনিক এখন নামেই আছে, কাজে নেই।' সবচেয়ে ভয়াবহ অবস্থা বিভাগের ঝালকাঠি জেলার নলছিটি উপজেলার প্রত্যন্ত গ্রামের করুয়াকাঠি কমিউনিটি ক্লিনিকের। মাত্র কয়েক মাস আগে এখানে অফিস চলাকালেই দফায় দফায় বিষধর সাপ বেরিয়ে এলে চরম আতঙ্ক ছড়িয়ে পড়ে। পরবর্তীতে বাথরুম, মেঝেসহ ক্লিনিকটির বিভিন্ন স্থানে ২ এর পাতায় দেখুন

প্রধানমন্ত্রী তারেক রহমান ১৩ জুলাই বরিশাল সফর করবেন

কীর্তনখোলা রিপোর্ট
প্রধানমন্ত্রী তারেক রহমান রাষ্ট্র ক্ষমতা গ্রহণের ৪ মাসের মাথায় প্রথমবারের মত বরিশাল বিভাগীয় সদরে সরকারি সফরে আসছেন ১৩ জুলাই। ঐদিন বরিশাল পৌঁছে মহানগরীর পাশে বহমান কির্তনখোলা নদীর অপর পাড়ে চরকাউয়া এলাকায় সদ্য পুণঃ খননকৃত একটি খালের দু ধারে বৃক্ষ রোপন কর্মসূচির আনুষ্ঠানিক সূচনা করবেন প্রধানমন্ত্রী। মঙ্গলবার (৭ জুলাই) দুপুরেই বরিশালের বিভাগ ও জেলা প্রশাসনের কাছে এ ব্যাপারে সরকারী নির্দেশনা এসেছে বলে জানা গেছে। মঙ্গলবার দুপুরের পরে জেলা প্রশাসকের সম্মেলন কক্ষে গনমাধ্যম কর্মীদের সাথে পূর্ব নির্ধারিত এক সংক্ষিপ্ত মতবিনিময় সভায় সদ্য যোগদানকৃত জেলা প্রশাসক মোঃ মামুন খন্দকার সাংবাদিকদের এ তথ্য জানান। গত ফেব্রুয়ারির নির্বাচনে বিপুল ভোটে জয়লাভের পরে রাষ্ট্র ক্ষমতা গ্রহণ করে প্রথমবারের মত তারেক রহমান বরিশাল বিভাগীয় সদরে আসছেন। এর আগে নির্বাচনী ২ এর পাতায় দেখুন

বরিশালে বিভাগীয় স্বাস্থ্য পরিচালকের নিয়োগ বাতিলের দাবিতে কার্যালয়ে তালা

কীর্তনখোলা রিপোর্ট
বরিশালে নবনিযুক্ত বিভাগীয় স্বাস্থ্য পরিচালক ডা. এস এম মনিরুজ্জামানের নিয়োগ বাতিলের দাবিতে বিক্ষোভ মিছিল, প্রতিবাদ সমাবেশ এবং তার কার্যালয়ে তালা ঝুলিয়েছেন শের-ই-বাংলা মেডিকেল কলেজ (শেবাচিম) হাসপাতালের চিকিৎসক, নার্স ও কর্মচারীরা। মঙ্গলবার (৭ জুলাই) বেলা ১২টার দিকে বরিশাল বিভাগীয় স্বাস্থ্য পরিচালকের কার্যালয়ের সামনে 'বরিশাল বিভাগের সর্বস্তরের চিকিৎসক, নার্স, কর্মচারী ও সাধারণ জনগণ'-এর ব্যানারে এ কর্মসূচি পালিত হয়। এতে চিকিৎসক, নার্স, স্বাস্থ্যকর্মী ও বিভিন্ন সংগঠনের নেতাকর্মীরা অংশ নেন। সমাবেশে বক্তারা বলেন , ডা. এস এম মনিরুজ্জামান জুলাই আন্দোলনের সময় স্বৈরাচারের দোসর হিসেবে আওয়ামী লীগের পক্ষে কাজ করেছেন। এমন একজন ব্যক্তিকে বরিশাল বিভাগের ২ এর পাতায় দেখুন

শেষ হচ্ছে অপেক্ষা কাল প্রাথমিকের বৃত্তি পরীক্ষার ফল প্রকাশ

কীর্তনখোলা ডেস্ক
২০২৫ সালের প্রাথমিক বৃত্তি পরীক্ষার ফল আগামীকাল বৃহস্পতিবার (৯ জুলাই) প্রকাশ করা হবে। ফল প্রকাশের সব প্রস্তুতি সম্পন্ন করেছে প্রাথমিক শিক্ষা অধিদপ্তর। পূর্বনির্ধারিত সময় অনুযায়ী সেদিন সকাল ১০টার দিকে প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় আনুষ্ঠানিকভাবে ফল প্রকাশ করবে বলে জানিয়েছে অধিদপ্তর। মঙ্গলবার (৭ জুলাই) প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের প্রশাসন বিভাগের উপপরিচালক (সংস্থাপন) এ এস এম সিরাজুদ্দোহা বলেন, পূর্বনির্ধারিত সময় অনুযায়ী আগামী বৃহস্পতিবার সকাল ১০টার দিকে মন্ত্রণালয় থেকে আনুষ্ঠানিকভাবে ফল ঘোষণা করা হবে। এদিকের সব প্রস্তুতি সম্পন্ন করা হয়েছে। এর আগে প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ে অনুষ্ঠিত ২ এর পাতায় দেখুন

নগরীতে ভ্রাম্যমান আদালত পরিচালনা করছেন বরিশাল সিটি কর্পোরেশনের নির্বাহী ম্যাজিস্ট্রেট-**কীর্তনখোলা**

টানা বর্ষণে প্লাবিত বরিশালের নিম্নাঞ্চল, দুর্ভোগ চরমে

কীর্তনখোলা রিপোর্ট
দেশের বিভিন্ন অঞ্চলের মতো বরিশাল বিভাগেও টানা বর্ষণ অব্যাহত আছে। অবিরাম বৃষ্টিতে চরম দুর্ভোগে দিন কাটাচ্ছেন নানা পেশার মানুষ। নগরীসহ আশেপাশের নিম্নাঞ্চলগুলোতে দেখা দিয়েছে জলাবদ্ধতা। ফলে বেশ কিছু এলাকার বাসিন্দা কার্যত পানিবন্দি হয়ে দুর্বিষহ জীবন-যাপন করছেন। বরিশালে গত তিন দিন ধরে দেখা গেছে, টানা বৃষ্টিপাতের কারণে নগরীর বটতলা, পলাশপুর, কবি জীবনানন্দ দাশ সড়ক, রসুলপুর, ভাটিখানা, কাউনিয়া, রূপাতলী হাউজিং, ধান গবেষণা রোড, বগুরা ২ এর পাতায় দেখুন

পশ্চিমবঙ্গে কিশোরীকে ধর্ষণ ও হত্যার ঘটনাকে বাংলাদেশের বলে প্রচার

কীর্তনখোলা ডেস্ক
সম্প্রতি সামাজিক যোগাযোগমাধ্যমে এক কিশোরীকে ধর্ষণ ও হত্যার ঘটনার তীব্র নিন্দা জানিয়ে একটি পোস্ট ব্যাপকভাবে ছড়িয়ে পড়েছে। পোস্টটিতে দাবি করা হয়েছে, 'বারুইপুরে নাবালিকাকে ধর্ষণ করে খুন। মনে রেখো বাংলাদেশ, এর বিচার কিন্তু একদিন এই বাংলার মাটিতেই হবে, ইনশাআল্লাহ।' পোস্টটি সামাজিক যোগাযোগমাধ্যমে ব্যাপক হারে ছড়িয়ে পড়ে এবং এ নিয়ে ব্যবহারকারীদের মধ্যে নানা ধরনের প্রতিক্রিয়া দেখা দিয়েছে। 'ওবায়দুল কাদের এমপি', 'Shipon Islam', 'বঙ্গবন্ধুর বাংলাদেশ', 'সাতক্ষীরা জেলা', 'জাকির হোসেন', 'লাকি খানম' -সহ আরও ২০টির বেশি পেজ ও অ্যাকাউন্ট থেকে ভিডিওটি বাংলাদেশের সাম্প্রতিক সময়ের দাবিতে প্রচার করা হচ্ছে। শেয়ার ২ এর পাতায় দেখুন

অপহরণ করে নির্যাতন ও মুক্তিপণ দাবি
বিএনপি ও যুবদলের নেতাসহ ১৪ জনের বিরুদ্ধে মামলা

বাউফল প্রতিনিধি
পটুয়াখালীর বাউফলে পৌর বিএনপির নেতাসহ যুবদলের ১৪ জনের বিরুদ্ধে আদালতে মামলা দায়ের করা হয়েছে। নাসির উদ্দিন মৃধা নামে এক খামারিকে অপহরণ, নির্যাতন এবং তিন লাখ টাকা মুক্তিপণ দাবির অভিযোগে দায়ের করা এ মামলায় অজ্ঞাতনামা আরও ৭-৮ জনকে আসামি করা হয়। মঙ্গলবার (০৭ জুলাই) সকালে বাদীপক্ষের আইনজীবী বজলুল হক বাদল মামলা ২ এর পাতায় দেখুন

ভোলায় জুতার মালা পরিয়ে হেনস্তার অভিযোগ, গ্রেফতার ৪

ভোলা প্রতিনিধি
ভোলার তজুমদ্দিন উপজেলায় এক নারী ও এক পুরুষকে 'আপত্তিকর অবস্থায়' আটকের দাবি তুলে প্রকাশ্যে জুতার মালা পরিয়ে অপদস্ত করার ঘটনায় জিজ্ঞাসাবাদের জন্য ৪ জনকে গ্রেফতার করেছে পুলিশ। একই সঙ্গে এ ঘটনায় একটি মামলা দায়েরের প্রস্তুতি চলছে বলে জানিয়েছেন পুলিশ। মঙ্গলবার (৭ জুলাই) দুপুর ১২ টার দিকে তজুমদ্দিন থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মিজানুর রহমান এ তথ্য নিশ্চিত করেছেন। গ্রেফতাররা হলেন, ঘটনার মুল অভিযুক্ত সজিব প্রধান (২২) ও তার ভাই রাকিব প্রধান (৩০), রায়হান মিয়া (২৫) এবং রাশেদ মিয়া (২৭)। তারা সবাই উপজেলার সোনাপুর ইউনিয়নের ২ এর পাতায় দেখুন

কুপিয়ে কলেজছাত্রের হাত বিচ্ছিন্ন
আসামীদের বাঁচাতে এবার ধর্ষণ চেষ্টা মামলা

কীর্তনখোলা রিপোর্ট
নগরীর নবগ্রাম রোড নলিদাসের পোল এলাকায় প্রকাশ্যে কলেজছাত্র দ্বীন ইসলাম খান মুন্নাকে কুপিয়ে হাত ও পা বিচ্ছিন্ন করার ঘটনায় দায়ের করা মামলার বাদীর আত্মীয়দের বিরুদ্ধে শ্লীলতাহানীর মিথ্যা অভিযোগ এনে আদালতে মামলা করা হয়েছে। গত ১৬ জুন নবগ্রাম রোড খান বাড়ীর বাসিন্দা কালাম খানের স্ত্রী নিলুফা ইয়াসমিন (৫৪) বাদী হয়ে মামলাটি দায়ের করেন। মামলায় যাদের কে আসামি করা হয়েছে তারা হলেন : একই বাড়ীর বাসিন্দা মজিবুর রহমান রহমান ওরফে সুরুজ খান, রফিক খান, মারুফ খান, মন্নাফ খান। মামলায় বাদী উল্লেখ করেছেন-গত ৪ জুন রাত আনুমানিক ৮টায় বাদী তার নিজঘরে তার পুত্রবধুকে নিয়ে অবস্থান করছিলেন। তিনি বারান্দায় বসে মোবাইল দেখছিলেন আর তার পুত্রবধু ঘরের দোতালায় তার সন্তান নিয়ে শোয়া অবস্থায় ছিলেন। আর ঘরের দরজা চাপানো ছিলো। এই সুযোগে ১নম্বর আসামি সুরুজ খান বসতঘরে ঢুকে বাদীকে ঝাপটে ধরে স্পর্শকাতর স্থানে হাত দেওয়া সহ শ্লীলতাহানী করে। এসময় বাদীর পুত্রবধু দৌড়ে এসে ডাকচিৎকাল দিলে আসামিরা পালিয়ে যায়। পরবর্তীতে ৯৯৯ এ কল দিয়ে পুলিশ ঘটনাস্থলে গিয়ে বাদীকে উদ্ধার করে শের ই বাংলা হাসপাতালে ভর্তি ২ এর পাতায় দেখুন

বিএম কলেজ সমাজকর্ম বিভাগে
সমাবর্তনের আলোকে শিক্ষা সমাপনী অনুষ্ঠান

আজিজুল হাকিম সামি, বিএম কলেজ
বরিশালের সরকারি বিএম কলেজের সমাজকর্ম বিভাগের ২২-২৩ সেশনের মাস্টার্স শিক্ষার্থীদের নিজস্ব উদ্যোগে সমাবর্তনের আঙ্গিকে অনুষ্ঠিত হচ্ছে শিক্ষা সমাপনী অনুষ্ঠান। গতকাল মঙ্গলবার সকাল ১১ টা থেকে সমাজকর্ম বিভাগের পাশে বাকসু ভবনের সামনে শুরু হয় এই অনুষ্ঠান। বিদায়ী শিক্ষার্থীরা তাদের সমাবর্তনের স্বপ্নের পোশাক কালো টুপি ও গাউন পরে ফটোসেশান করেন অধ্যক্ষ মহোদয়, উপাধ্যক্ষ ও ডিপার্টমেন্টের স্যারদের সাথে। জাতীয় বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠার পর থেকে শুধু মাত্র ২০১৭ সালে একবারই সমাবর্তন অনুষ্ঠান হয়। এরপর এখন পর্যন্ত আর কোন সমাবর্তন অনুষ্ঠান হয়নি জাতীয় বিশ্ববিদ্যালয়ে। গত ৩০ জুন বিএম কলেজের বাংলা বিভাগের ২২-২৩ সেশনের মাস্টার্সের শিক্ষার্থীরা ২ এর পাতায় দেখুন

দৈনিক কীর্তনখোলা
আত্মপ্রত্যয়ী প্রতিদিন

প্রতিনিধি আবশ্যক

দৈনিক কীর্তনখোলা পত্রিকার জন্য **ঝালকাঠি জেলাঃ** নলছিটি, রাজাপুর, **পটুয়াখালী জেলাঃ** পটুয়াখালী, বাউফল, আমতলী, **ভোলা জেলাঃ** তজুমদ্দিন, লালমোহন, মনপুরা, **পিরোজপুর জেলাঃ** নাজিরপুর, নেছারাবাদ ও **বরিশাল জেলাঃ** উজিরপুর ও বাবুগঞ্জ প্রতিনিধি আব্যশক। প্রার্থীকে অবশ্যই কমপক্ষে এইচএসসি পাস হতে হবে। আগ্রহীরা পত্রিকার ইমেইলে জীবনবৃত্তান্তসহ আবেদন করুন।

–মফস্বল সম্পাদক
০১৩০৪১৬৮৪১৯

সম্পাদকীয়

আস্থার পরিবেশ প্রয়োজন

অর্থনীতির প্রাণ বা প্রধান চালিকাশক্তি বলা হয় বেসরকারি খাতকে। অথচ দেশে বেসরকারি খাতের সংকট ক্রমেই গভীর হচ্ছে। অর্থনীতিবিদ ও ব্যবসায়ী নেতাদের মতে, ব্যাংকঋণের উচ্চ সুদহার, দীর্ঘস্থায়ী জ্বালানিসংকট, পাহাড়সম খেলাপি ঋণ এবং বিনিয়োগবান্ধব নয় এমন করনীতিড়এই চতুর্মুখী আক্রমণের শিকার হয়েছে আমাদের বেসরকারি খাত। বেসরকারি খাত কতটা বিপর্যস্ত তার কিছুটা প্রমাণ মেলে ঋণ প্রবৃদ্ধির হার থেকে। কয়েক মাস ধরেই বেসরকারি ঋণের প্রবৃদ্ধি ৫ শতাংশের নিচে রয়েছে, যার অর্থ বেসরকারি খাতে বিনিয়োগের গতি নিম্নমুখী। দেশে কর্মক্ষম জনসংখ্যা দ্রুত বাড়ছে, কিন্তু সেই অনুপাতে বাড়ছে না কর্মসংস্থান। আবার কয়েক বছর ধরে চলে আসা প্রতিকূল পরিস্থিতির কারণে অনেক চালু কারখানাও বন্ধ হয়ে যাচ্ছে। ফলে বেকারত্ব আকাশছোঁয়া হচ্ছে। অর্থনীতিবিদ ও সমাজ গবেষকরা বলছেন, বেসরকারি খাতের এই সংকটের প্রভাব শুধু অর্থনৈতিক ক্ষেত্রেই সীমিত থাকবে না, সামাজিক নানা ক্ষেত্রেও এর নেতিবাচক প্রভাব পড়বে। বিনিয়োগ না হলে কর্মসংস্থান তৈরি হবে না, বেকারত্ব বাড়বে। আর বেকারত্ব বাড়লে তা সামাজিক অস্থিরতারও কারণ হবে। বাংলাদেশ ব্যাংকের তথ্য অনুযায়ী, চলতি বছরের মে মাসে বেসরকারি খাতের ঋণ প্রবৃদ্ধি দাঁড়িয়েছে মাত্র ৪.৯৮ শতাংশ, যা এপ্রিলে ছিল ৪.৭৫ শতাংশ। পরিসংখ্যান বলছে, ২০২৫ সালের মে মাসে ব্যাংকগুলো বেসরকারি খাতে মোট ১৭ লাখ ৩৮ হাজার ৭৬৯.৮০ কোটি টাকা ঋণ বিতরণ করেছিল, যা এক বছর পরে বেড়ে ১৮ লাখ ২৫ হাজার ৪১৯.৭০ কোটি টাকায় পৌঁছেছে। অর্থাৎ ঋণের মোট পরিমাণ কিছুটা বাড়লেও প্রবৃদ্ধির হার উল্লেখযোগ্যভাবে কমে গেছে। বাংলাদেশ ব্যাংকের মুদ্রানীতির প্রক্ষেপণ অনুযায়ী জানুয়ারি থেকে জুন সময়কালে বেসরকারি খাতের ঋণ প্রবৃদ্ধি হওয়ার কথা ছিল প্রায় সাড়ে ৮ শতাংশ। কিন্তু বছরের প্রথম পাঁচ মাসের কোনো মাসেই সেই লক্ষ্যমাত্রা অর্জিত হয়নি। এতে স্পষ্ট যে ব্যাংকিং খাত থেকে প্রত্যাশিত মাত্রায় ঋণপ্রবাহ না থাকায় বিনিয়োগ কার্যক্রমে কিছুটা স্থবিরতা তৈরি হয়েছে। বিশ্লেষকরা বলছেন, ঋণ প্রবৃদ্ধি কমে যাওয়ার পেছনে একাধিক কারণ কাজ করছে। এর মধ্যে অন্যতম হলো ব্যাংকঋণের উচ্চ সুদহার, যা উদ্যোক্তাদের নতুন বিনিয়োগে নিরুৎসাহ করছে। পাশাপাশি রাজনৈতিক অনিশ্চয়তা ও নীতিগত অস্থিরতা ব্যবসায়ীদের সিদ্ধান্ত গ্রহণে প্রভাব ফেলছে। বৈশ্বিক অর্থনৈতিক চাপ, ডলার সংকট ও আমদানি ব্যয় বৃদ্ধিও উৎপাদন খরচ বাড়িয়ে দিয়েছে। ফলে নতুন বিনিয়োগের আগ্রহ কমে যাচ্ছে। এ ছাড়া ব্যাংকগুলোর তারল্য সংকট এবং খেলাপি ঋণের চাপও নতুন ঋণ বিতরণে বাধা সৃষ্টি করছে। অর্থনীতিবিদদের মতে, এই পরিস্থিতি থেকে উত্তরণে দ্রুত কার্যকর পদক্ষেপ নেওয়া জরুরি। বেসরকারি গবেষণা সংস্থা চেঞ্জ ইনিশিয়েটিভের সম্মাননীয় ফেলো হেলাল আহমেদ জনি বলেন, ঋণের সুদহার সহনীয় পর্যায়ে আনা, ব্যবসাবান্ধব নীতি নিশ্চিত করা, ব্যাংক খাতে সুশাসন জোরদার করা এবং খেলাপি ঋণ কমানো প্রয়োজন। পাশাপাশি বিনিয়োগবান্ধব পরিবেশ তৈরি ও বৈদেশিক মুদ্রা ব্যবস্থাপনায় স্থিতিশীলতা আনতে পারলে বেসরকারি খাতে ঋণপ্রবাহ বাড়তে পারে। অন্যথায় এই নিম্নগতি দীর্ঘস্থায়ী হলে অর্থনীতির ওপর আরো চাপ তৈরি হওয়ার আশঙ্কা রয়েছে। আমরা মনে করি, দেশের অর্থনীতিতে গতি সঞ্চারের জন্য বিনিয়োগের পরিবেশ সৃষ্টিতে সর্বোচ্চ গুরুত্ব আরোপ করা প্রয়োজন। পাশাপাশি বিনিয়োগকারীদের আস্থা ফেরাতে নীতি সংস্কারসহ প্রয়োজনীয় পদক্ষেপ নিতে হবে।

শেষ হচ্ছে অপেক্ষা

এক বৈঠকে ফল প্রকাশের সম্ভাব্য তারিখ হিসেবে ৯ জুলাই নির্ধারণ করা হয়। ওই বৈঠকে শিক্ষা ও প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রী ড. আ ন ম এহছানুল হক মিলন দ্রুততম সময়ে ফল প্রকাশের নির্দেশনা দেন। পরে প্রাথমিক শিক্ষা অধিদপ্তর জানায়, জুলাইয়ের দ্বিতীয় সপ্তাহের যেকোনো দিন ফল প্রকাশ সম্ভব। সে অনুযায়ী ৯ জুলাইকে সম্ভাব্য তারিখ হিসেবে প্রস্তাব করা হলে তা গৃহীত হয়। প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের শিক্ষা কর্মকর্তা (সাধারণ প্রশাসন) মো. আব্দুর রেজ্জাক সিদ্দিকী এর আগে জানিয়েছিলেন, তথ্য ব্যবস্থাপনা বিভাগ (আইএমডি) ফল প্রস্তুতের কাজ করছে। নির্ধারিত সময়ের মধ্যে সব কার্যক্রম শেষ হলে মন্ত্রীর উপস্থিতিতে সংবাদ সম্মেলনের মাধ্যমে ফল প্রকাশ করা হবে। তবে এর আগে কয়েক দফা সম্ভাব্য সময় নির্ধারণ করা হলেও বিভিন্ন কারণে ফল প্রকাশ পিছিয়ে যায়। প্রথমে মে মাসের দ্বিতীয় সপ্তাহ, পরে ঈদের আগে, ঈদের পরে এবং সর্বশেষ জুন মাসের মধ্যে ফল প্রকাশের কথা বলা হলেও প্রতিবারই তা স্থগিত হয়। চলতি বছরের ১৫ এপ্রিল বাংলা বিষয়ের পরীক্ষার মাধ্যমে প্রাথমিক বৃত্তি পরীক্ষা শুরু হয়। ১৮ এপ্রিল বাংলাদেশ ও বিশ্বপরিচয় এবং প্রাথমিক বিজ্ঞান বিষয়ের পরীক্ষার মধ্য দিয়ে পরীক্ষা শেষ হয়। নির্ধারিত সময়ের প্রায় চার মাস পর এ পরীক্ষা অনুষ্ঠিত হয়েছিল। এবারের পরীক্ষায় অংশ নিয়েছে ৬ লাখ ৪০ হাজারের বেশি শিক্ষার্থী। এর মধ্যে সরকারি প্রাথমিক বিদ্যালয়ের প্রায় সাড়ে ৫ লাখ এবং বেসরকারি প্রাথমিক বিদ্যালয়ের (কিন্ডারগার্টেন) প্রায় ৯০ হাজার শিক্ষার্থী রয়েছে। প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের তথ্য অনুযায়ী, এবার মোট ৮২ হাজার ৫০০ শিক্ষার্থী বৃত্তি পাবে। এর মধ্যে সরকারি প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষার্থীদের জন্য ৬৬ হাজার এবং বেসরকারি বিদ্যালয়ের শিক্ষার্থীদের জন্য ১৬ হাজার ৫০০টি বৃত্তি বরাদ্দ রাখা হয়েছে। অংশগ্রহণকারী শিক্ষার্থীর অনুপাতে সরকারি বিদ্যালয়ে প্রতি আটজনের মধ্যে একজন এবং বেসরকারি বিদ্যালয়ে প্রায় সাড়ে পাঁচজনের মধ্যে একজন শিক্ষার্থী বৃত্তি পাওয়ার সুযোগ পাবে। দুই ক্যাটাগরিতে বৃত্তি দেওয়া হবে। ট্যালেন্টপুলে (মেধাবৃত্তি) ৩৩ হাজার এবং সাধারণ কোটায় ৪৯ হাজার ৫০০ শিক্ষার্থী বৃত্তি পাবে। বর্তমান নিয়ম অনুযায়ী, ট্যালেন্টপুলে নির্বাচিত শিক্ষার্থীরা মাসে ৩০০ টাকা এবং সাধারণ বৃত্তিপ্রাপ্ত শিক্ষার্থীরা মাসে ২২৫ টাকা করে পাবে। এ ছাড়া উভয় শ্রেণির শিক্ষার্থী বছরে এককালীন ২২৫ টাকা করে আর্থিক সহায়তা পাবে। পঞ্চম শ্রেণি উত্তীর্ণ হওয়ার পরবর্তী দুই বছর তারা এই সুবিধা ভোগ করতে পারবে। ফল প্রকাশের পর শিক্ষার্থী ও অভিভাবকেরা অনলাইনে এবং মোবাইল ফোনের এসএমএসের মাধ্যমে ফল জানতে পারবেন। অনলাইনে আইপিইএমআইএস পোর্টালে ফল প্রকাশ করা হবে। এসএমএসের মাধ্যমে ফল জানার পদ্ধতি পরে জানিয়ে দেওয়া হবে।

টানা বর্ষণে প্লাবিত বরিশালের

রোড, বটতলা থেকে নবগ্রাম সড়কসহ বিভিন্ন এলাকার সড়কে পানি জমে রয়েছে। এছাড়া নদী তীরবর্তী নিম্নাঞ্চলের বাসিন্দারা গত ৩ দিন ধরে হয়ে আছেন পানিবন্দি। ফলে চরম দুর্ভোগে দিন কাটছে তাদের। নগরীর রসুলপুর এলাকার বাসিন্দা কবির বলেন, গত তিন দিন ধরে নদীর পানি ঘরে উঠে আছে। এ কারণে স্ত্রী-সন্তান নিয়ে পানিবন্দি অবস্থায় চরম দুর্ভোগে দিন কাটাচ্ছি। রূপাতলীর বাসিন্দা রফিকুল ইসলাম বলেন, বৃষ্টি হলেই পানিতে তলিয়ে যায় সড়ক। এলাকার বাসিন্দারা ঘর থেকে বের হতে পারছেন না। এমন অবস্থা প্রত্যেক বর্ষার মৌসুমেই হচ্ছে। বরিশাল আবহাওয়া অফিসের উচ্চ পর্যবেক্ষক মাজাহারুল ইসলাম জানিয়েছেন, গত তিন দিন ধরে বৃষ্টি হচ্ছে বরিশালে। তবে সোমবার সকাল ৬ টা থেকে মঙ্গলবার সকাল ৬ টা পর্যন্ত বরিশালে ৫৭ মিলিমিটার বৃষ্টিপাত হয়েছে এবং মঙ্গলবার সকাল ৬ টা থেকে দুপুর ১২ টা পর্যন্ত ৪ দশমিক ৪ মিলিমিটার বৃষ্টিপাত রের্কড করা হয়েছে। এ সময় বাতাসের গতিবেগ ছিল স্বাভাবিক। গত তিন দিন ধরে চলমান এই বৃষ্টি আরও তিন দিন থাকতে পারে বলে জানান তিনি।

পশ্চিমবঙ্গে কিশোরীকে ধর্ষণ ও হত্যার

করা পোস্টগুলোর কমেন্ট পর্যালোচনা করে দেখা যায়, অধিকাংশ নেটিজেন ঘটনাটিকে বাংলাদেশের বলে মনে করছেন। তাঁরা দেশের নিরাপত্তা নিয়ে উদ্বেগ প্রকাশের পাশাপাশি ঘটনার সুষ্ঠু বিচারের দাবি জানিয়ে কমেন্ট করেছেন। ছড়িয়ে পড়া দাবিটির সত্যতা যাচাইয়ে অনুসন্ধানে সামাজিক যাগাযোগমাধ্যম এক্স অ্যাকাউন্টে একটি ভিডিও https://x.com/Kamru_Choudhury/status/2073728423751487548?s=20 পাওয়া যায়। 'Kamru Choudhury' নামের ওই অ্যাকাউন্টটিতে পোস্ট করা ভিডিওর সঙ্গে প্রচারিত ভিডিওর মিল পাওয়া যায়। ওই পোস্টের ক্যাপশনে বলা হয়, 'পশ্চিমবঙ্গের বারুইপুরে ১২ বছরের এক মেয়ে অপহৃত, ধর্ষিত এবং খুনের শিকার হয়েছে। সরকার পরিবর্তন হওয়া সত্ত্বেও সেখানকার আইন-শৃঙ্খলার পরিস্থিতি নিয়ে বেশ কিছু প্রশ্ন উঠেছে। পাশাপাশি অনুসন্ধানে জানা যায়, "বারুইপুর" নামক স্থানটি বাংলাদেশের কোনো উপজেলা বা জেলা নয়, এটি ভারতের পশ্চিমবঙ্গ রাজ্যের দক্ষিণ ২৪ পরগনা জেলার একটি মহকুমা ও শহর।' এই সূত্রধরে অনুসন্ধানে, একাধিক (১ , ২, ৩) গণমাধ্যমে প্রকাশিত প্রতিবেদন থেকে জানা যায়, ভারতের পশ্চিমবঙ্গের বারুইপুর সংলগ্ন সূর্যপুর এলাকায় ১২ বছর বয়সী এক বালিকার বস্তাবন্দী মরদেহ একটি পুকুর থেকে উদ্ধার (৫ জুলাই) করা হয়েছে। পরিবারের অভিযোগ, মেয়েটিকে অপহরণের পর ধর্ষণ ও খুন করা হয়েছে। ওই নৃশংস ঘটনাকে কেন্দ্র করে এলাকায় তীব্র উত্তেজনা সৃষ্টি হয়। বিক্ষুব্ধ জনতা সড়ক ও রেলপথ অবরোধ করে এবং গণপিটুনিতে এক সন্দেহভাজনের মৃত্যু হয়েছে বলে জানা যায়। প্রতিবেদনে আরও বলা হয়, পুলিশ ইতিমধ্যেই বিশেষ তদন্ত কমিটি গঠন করেছে এবং আনন্দ সর্দার, প্রভাস মণ্ডল ও দিবাকর মণ্ডল নামের মূল অভিযুক্তদের গ্রেপ্তার করা হয়েছে।

বরিশালে বিভাগীয় স্বাস্থ্য পরিচালকের

স্বাস্থ্য পরিচালকের দায়িত্বে নিয়োগ দেওয়া অনাকাঙ্ক্ষিত ও অগ্রহণযোগ্য। তারা অবিলম্বে তার নিয়োগ বাতিলের দাবি জানান। আন্দোলনকারীরা বলেন, বরিশাল শের-ই-বাংলা মেডিকেল কলেজ হাসপাতালের সাবেক উপ-পরিচালক ডা. এস এম মনিরুজ্জামানকে বিভাগীয় স্বাস্থ্য পরিচালক পদ থেকে অপসারণ করতে হবে। অন্যথায় আগামীতে আরও কঠোর কর্মসূচি ঘোষণা করা হবে। আন্দোলনে অংশগ্রহনকারী একাধিক চিকিৎসক বলেন, জুলাই আন্দোলনের চেতনাবিরোধী ও বিতর্কিত ব্যক্তিকে গুরুত্বপূর্ণ দায়িত্বে বসানো হয়েছে। আমরা কোনোভাবেই এ নিয়োগ মেনে নেব না। দ্রুত এই সিদ্ধান্ত প্রত্যাহার করতে হবে। অন্যথায় বৃহত্তর আন্দোলনের মাধ্যমে দাবি আদায় করা হবে। সরকারের উচিত দ্রুত এই নিয়োগ পুনর্বিবেচনা করা। সমাবেশ শেষে বিক্ষোভকারীরা বিভাগীয় স্বাস্থ্য পরিচালকের কার্যালয়ের কক্ষে তালা ঝুলিয়ে দেন এবং দাবি আদায় না হওয়া পর্যন্ত আন্দোলন চালিয়ে যাওয়ার ঘোষণা দেন। এ বিষয়ে দায়িত্বে থাকা ভারপ্রাপ্ত বিভাগীয় স্বাস্থ্য পরিচালক ডা. লোকমান হাকিম বলেন, আমি মন্ত্রণালয়ের কোনো সিদ্ধান্তের বিষয়ে মন্তব্য করতে রাজি নই। আন্দোলনকারীরা তাদের দাবি ও অভিযোগ লিখিত আকারে জানালে আমি উর্ধ্বতন কর্তৃপক্ষের কাছে পাঠিয়ে দেব। প্রসঙ্গত, গত রোববার (৫ জুলাই) স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় ডা. এস এম মনিরুজ্জামানকে বরিশাল বিভাগের বিভাগীয় পরিচালক (স্বাস্থ্য) হিসেবে পদায়ন করে।

দক্ষিণাঞ্চলে বেহাল ১১ শতাধিক

সাপের বাসার সন্ধান মেলে। এখনও কাটেনি সেই সাপের আতঙ্ক। এ বিষয়ে করুয়াকাঠি কমিউনিটি ক্লিনিকের হেলথ কেয়ার প্রোভাইডার (সিএইচসিপি) মারজিয়া খানম বলেন, 'এখানে কাজ করা এখন জীবনের ঝুঁকি নেয়ার মতো। অফিসের মধ্যে কখন কোথা থেকে সাপ বেরিয়ে আসে, সেই আতঙ্কে তটস্থ থাকতে হয়। বাথরুম বা মেঝেতে সাপের বাসা থাকায় আমরা এবং রোগীরা কেউ নিরাপদ বোধ করছি না। এই অবস্থায় সেবা দেয়া অসম্ভব হয়ে পড়েছে।' বিশ বছর আগে যাত্রা শুরু করা ঝালকাঠির মোট ৯৩টি কমিউনিটি ক্লিনিকের প্রায় সবগুলোরই একই অবস্থা। গ্রামের বনজঙ্গল ঘেরা নিচু জমিতে ক্লিনিকগুলোর ভবন নির্মাণের পর আর কোনো বড় ধরনের সংস্কার হয়নি। ফলে ঝোপঝাড় আর সাপ আতঙ্কেই কাটে গ্রামীণ মানুষের স্বাস্থ্যসেবা। এদিকে উপকূলঘেঁষা বরগুনা জেলার চিত্র আরও হতাশাজনক। শনিবার (৪ জুলাই) সকাল গড়িয়ে দুপুর হলেও সদর উপজেলার খাজুরতলা কমিউনিটি ক্লিনিক তালাবদ্ধ দেখা যায়। নাম প্র?কাশ না করার শর্তে স্থানীয়রা জানান, 'কোনো প্রকার তদারকি না থাকায় সিএইচসিপি সঙ্গীতা নিজের ইচ্ছামতো এই ক্লিনিক খোলেন এবং বন্ধ করেন।' একই অবস্থা পার্শ্ববর্তী বদরখালী ইউনিয়নের কমিউনিটি ক্লিনিকেরও। গত বৃহস্পতিবারও বন্ধ ছিল এই ক্লিনিকটি। এতে করে চিকিৎসাসেবা থেকে সম্পূর্ণ বঞ্চিত হচ্ছেন প্রান্তিক জনগোষ্ঠী। অনিয়মিত ক্লিনিক খোলার বিষয়ে খাজুরতলা কমিউনিটি ক্লিনিকের সিএইচসিপি সঙ্গীতা মুঠোফোনে জানান, 'ব্যক্তিগত ও পারিবারিক কিছু জরুরি সমস্যার কারণে মাঝে মাঝে ক্লিনিকে পৌঁছাতে দেরি হয়। তবে নিয়মিতই সেবা দেয়ার চেষ্টা করি। স্থানীয়দের অভিযোগ পুরোপুরি সঠিক নয়।' বরগুনার সিভিল সার্জন ডা. মো. আবুল ফাত্তাহ বলেন, 'জেলার যে সকল কমিউনিটি ক্লিনিক জরাজীর্ণ রয়েছে, তাদের মধ্যে কিছু সংস্কার করেছে বেসরকারি এনজিওগুলো।' পাশাপাশি দায়িত্ব অবহেলার বিষয়টি খতিয়ে দেখার কথা জানান তিনি। ঝালকাঠির সিভিল সার্জন ডা. মোহাম্মদ হুমায়ূন কবির বলেন, 'ঝালকাঠির বেশ কিছু ক্লিনিকের ভবন জরাজীর্ণ এবং নিচু এলাকায় হওয়ায় কিছু সমস্যা হচ্ছে। জরাজীর্ণ এসব ক্লিনিকগুলো দ্রুত সংস্কার এবং ওষুধ সরবরাহ বৃদ্ধির জন্য আমরা ইতোমধ্যে মন্ত্রণালয়ে লিখিতভাবে আবেদন জানিয়েছি। আশা করছি দ্রুতই বরাদ্দ পাওয়া যাবে।' প্র?ান্তিক জনগোষ্ঠীর স্বাস্থ্যসেবা কেন্দ্রগুলোর সামগ্রিক অচলাবস্থা ও সেবা নিশ্চিত করার বিষয়ে বরিশাল বিভাগীয় স্বাস্থ্য কর্মকর্তা ডা. মোহাম্মদ লোকমান হাকিম বলেন, 'অনেক জায়গায় সমস্যা রয়েছে। তবে সেবার মান বাড়াতে সরকারের বড় পরিকল্পনা রয়েছে। গ্রামীণ জনপদের এই স্বাস্থ্যসেবা যাতে কোনোভাবেই ভেস্তে না যায়, সেজন্য আমরা সর্বোচ্চ চেষ্টা করছি।'

প্রধানমন্ত্রী তারেক রহমান

প্রচারণায় তিনি গত ফেব্রুয়ারির প্রথম সপ্তাহে বরিশালের বেলপার্ক ময়দানে এক বিশাল জনসভায় ভাষণ দিয়েছিলেন। ১৯৭৮ সালে শহিদ প্রেসিডেন্ট জিয়াউর রহমান স্বেচ্ছা শ্রমের ভিত্তিতে চরকাউয়া এলাকার এখালটি খনন করেছিলেন। এরপরে দীর্ঘদিন কোন ধরনের সংস্কার না হওয়ায় খালটি মজে গিয়ে এলাকায় ব্যাপক জলাবদ্ধতা তৈরি করছিল। গত অক্টোবরে বিষয়টি নিয়ে দৈনিক ইনকিলাবসহ বিভিন্ন গণমাধ্যমে সচিত্র প্রতিবেদন প্রকাশের পরে বরিশালের তৎকালীন জেলার প্রশাসক মোঃ দেলওয়ার হোসেন সরেজমিনে মজে যাওয়া খালটি পরিদর্শন করে বিএডিসি'র একটি প্রকল্পের আওতায় পুণঃ খননের নির্দেশ দেন। প্রায় ২ হাজার ৭শ মিটার দৈর্ঘ এবং ১০ মিটার প্রস্থ ও ৩ মিটার গভীর এ খালটি খনন করতে গিয়ে প্রায় ১২ লাখ ঘন মিটার পলি ও মাটি অপসারন করতে হয়েছে। প্রধানমন্ত্রী তারেক রহমান ১৩ জুলাই বরিশাল সফরকালে সদ্য পুণঃ খননকৃত খালটি পরিদর্শন সহ এর দুই পাড়ে বৃক্ষরোপণ কর্মসূচির আনুষ্ঠানিক সূচনা করবেন বলে প্রাথমিকভাবে জানা গেছে।

জুলাই অভ্যুত্থানে আ.লীগের

সংশ্লিষ্টতা পাওয়া গেছে বলে জানিয়েছেন আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনালের চিফ প্রসিকিউটর মো. আমিনুল ইসলাম। তিনি বলেন, অপরাধের সঙ্গে আওয়ামী লীগের প্রাথমিক সংশ্লিষ্টতা আছে বলেই তো তদন্ত শুরু হয়েছে। আমাদের তদন্ত সংস্থা কাজ করছে। প্রাথমিক সংশ্লিষ্টতা তো আছেই, তদন্ত শেষ হওয়া তো সময়ের ব্যাপার। মঙ্গলবার (৭ জুলাই) সাংবাদিকদের তিনি এসব কথা বলেন। চিফ প্রসিকিউটর বলেন, জুলাই গণঅভ্যুত্থানের মধ্যে দলগতভাবে আওয়ামী লীগের সংশ্লিষ্টতা আছে। ব্যক্তিগত দায় আছে, সুপিরিয়র রেসপনসিবিলিটি আছে; সব বিষয় নিয়েই তদন্ত চলছে। প্রাথমিক সংশ্লিষ্টতার মধ্যে কী আছে- এমন প্রশ্নের জবাবে তিনি বলেন, জুলাই আন্দোলনের মধ্যে দলগত তাদের সংশ্লিষ্টতা আছে। ব্যক্তিগত দায় আছে । সুপিরিয়র দায় আছে। এগুলো নিয়েই আমাদের তদন্ত এগুচ্ছে। এর আগে গত রোববার নিজ কার্যালয়ে সাংবাদিকদের ব্রিফিং করেন মো. আমিনুল ইসলাম। সেদিন তিনি বলেন, আওয়ামী লীগকে সংগঠন হিসেবে আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনালের আইনে বিচারের লক্ষ্যে তদন্ত চলছে। অভিযোগ প্রমাণিত হলে দলটিকে নিষিদ্ধ ঘোষণা ও সম্পত্তি বাজেয়াপ্তের আইনি সুযোগ রয়েছে। অন্তর্বর্তী সরকারের সময় রাজনৈতিক দল হিসেবে আওয়ামী লীগের বিরুদ্ধে মানবতাবিরোধী অপরাধের অভিযোগ এনেছিল জাতীয়তাবাদী গণতান্ত্রিক আন্দোলন (এনডিএম)। এনডিএমের প্রতিষ্ঠাতা হলেন প্রাথমিক ও গণশিক্ষা প্রতিমন্ত্রী ববি হাজ্জাজ। নির্বাচনের সময় তিনি এনডিএম ছেড়ে বিএনপির প্রার্থী হিসেবে নির্বাচনে অংশ নিয়ে সংসদ সদস্য নির্বাচিত হন। পরে বিএনপি সরকারে প্রতিমন্ত্রীর দায়িত্ব পান। গত ৪ জুলাই রাজধানীর চীন-মৈত্রী সম্মেলন কেন্দ্রে জুলাই গণঅভ্যুত্থানে শহীদদের স্মরণে আয়োজিত জুলাই জাতীয় সম্মেলনে স্বরাষ্ট্রমন্ত্রী সালাহউদ্দিন আহমদ বলেন, আওয়ামী লীগের রাজনৈতিক পতন, নিপাত ও নির্মূল হয়েছে এবং দলটি আর কোনোদিন বাংলাদেশে রাজনীতি করতে পারবে না। তিনি আরও বলেন, আওয়ামী লীগের বিরুদ্ধে রাজনৈতিক দল হিসেবে বিচারের দাবি উঠেছে, তদন্ত চলছে এবং শিগগির আইন অনুযায়ী তাদের বিচারের মুখোমুখি করা হবে। স্বরাষ্ট্রমন্ত্রীর ওই বক্তব্যের পরদিন চিফ প্রসিকিউটর সাংবাদিকদের সামনে তদন্তের অগ্রগতি এবং বিদ্যমান আইনি কাঠামোর বিষয়ে বিস্তারিত ব্যাখ্যা দেন।

এনসিপির সমাবেশে হামলা

বিচ্ছিন্ন এবং ককটেল হামলার ঘটনায় গভীর উদ্বেগ প্রকাশ করে জাতীয় সংসদে তীব্র ক্ষোভ প্রকাশ করেছেন সংসদ সদস্য আখতার হোসেন। রাতে সাভারের ওই সমাবেশে যোগ দিতে গিয়ে তিনি নিজে এবং দলের বিরোধীদলীয় চিফ হুইপ নাহিদ ইসলাম এমপিসহ কেন্দ্রীয় নেতৃবৃন্দ এই নজিরবিহীন পরিস্থিতির মুখোমুখি হন বলে সংসদকে অবহিত করেন। স্পিকারের মাধ্যমে সরকারের কাছে এই ঘটনার তীব্র প্রতিবাদ জানিয়ে বিরোধী দলের রাজনৈতিক সভা-সমাবেশের সাংবিধানিক ও গণতান্ত্রিক অধিকার নিশ্চিত করার দাবি জানান তিনি। মঙ্গলবার (৭ জুলাই) জাতীয় সংসদের দ্বিতীয় অধিবেশনে স্পিকার হাফিজ উদ্দিন আহমদের সভাপতিত্বে পয়েন্ট অব অর্ডারে দাঁড়িয়ে এসব কথা বলেন বিরোধীদলীয় সংসদ সদস্য আখতার হোসেন। আখতার হোসেন বলেন, দেশের বর্তমান রাজনৈতিক প্রেক্ষাপটে সরকারি দলের যেমন নির্বিঘ্নে সমাবেশ করার অধিকার রয়েছে, তেমনি বিরোধী দলগুলোরও একই ধরনের রাজনৈতিক কর্মসূচি পালনের অধিকার সংবিধান নিশ্চিত করেছে। সেই গণতান্ত্রিক অধিকারের অংশ হিসেবেই জুলাই মাসকে কেন্দ্র করে জাতীয় নাগরিক পার্টি (এনসিপি) দেশব্যাপী 'জুলাই পথযাত্রা' কর্মসূচির ডাক দেয়। এরই ধারাবাহিকতায় সাভারে একটি সমাবেশের আয়োজন করা হয়েছিল, যেখানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন সংসদের বিরোধীদলীয় চিফ হুইপ নাহিদ ইসলাম এমপি। কিন্তু অত্যন্ত দুর্ভাগ্যের বিষয় হলো, কেন্দ্রীয় নেতৃবৃন্দ মঞ্চে ওঠার ঠিক আগ মুহূর্তে রহস্যজনকভাবে পুরো এলাকার বিদ্যুতের লাইন কেটে দেওয়া হয়। স্থানীয় কর্তৃপক্ষের সঙ্গে তাৎক্ষণিকভাবে যোগাযোগের চেষ্টা করা হলেও বিদ্যুৎ সরবরাহ সচল করার কোনো ব্যবস্থা গ্রহণ করা হয়নি। তিনি আরও অভিযোগ করেন, বিদ্যুৎহীন অন্ধকারের মধ্যেই যখন মঞ্চে বক্তব্য চলছিল, তখন হঠাৎ করেই উপস্থিত শ্রোতা ও সাধারণ মানুষের মাঝখানে একটি ককটেল হামলার ঘটনা ঘটে। এই ঘটনার ফলে সমাবেশস্থলে মুহূর্তের মধ্যে আতঙ্ক ছড়িয়ে পড়ে এবং চারদিক ধোঁয়ায় আচ্ছন্ন হয়ে যায়। বিস্ফোরণের তীব্রতায় বহু মানুষ রক্তাক্ত ও গুরুতর আহত হন এবং সমাবেশস্থলজুড়ে রক্তের দাগ ছড়িয়ে পড়ে। এই চরম বিশৃঙ্খল ও ঝুঁকিপূর্ণ পরিস্থিতির কারণে সমাবেশ সংক্ষিপ্ত করতে বাধ্য হন নেতৃবৃন্দ। পরবর্তীতে তারা আইনি সহায়তার জন্য স্থানীয় থানায় যান এবং পুরো বিষয়টি অবহিত করেন। আখতার হোসেন ক্ষোভ প্রকাশ করে বলেন, তারা যখনই জুলাইয়ের চেতনাকে কেন্দ্র করে কোনো আন্দোলন, সংগ্রাম বা কর্মসূচি ঘোষণা করেন, তখনই একটি নির্দিষ্ট মহল নানাভাবে তাদের বাধাগ্রস্ত করার অপচেষ্টায় মেতে ওঠে। এর আগেও তাদের কেন্দ্রীয় কার্যালয়ের সামনে ককটেল বিস্ফোরণ ঘটিয়ে আতঙ্ক তৈরি করা হয়েছিল। গতকালের সাভারের বিস্ফোরণটি এতটাই ভয়াবহ ছিল যে তিনি নিজে, বিরোধীদলীয় চিফ এবং তাদের কেন্দ্রীয় নেতৃবৃন্দ এক চরম জীবননাশের ঝুঁকির মধ্যে পড়তে পারতেন। যারা জুলাইয়ের আন্দোলনে শহীদ হয়েছেন এবং যারা বর্তমানে স্বাভাবিক জীবনে ফেরার চেষ্টা করছেন, তাদের নিরাপত্তা ও এই দুষ্কৃতিকারীদের দমনে সরকারের সুনির্দিষ্ট পদক্ষেপ কী, তা তিনি জানতে চান। সংসদে স্বরাষ্ট্রমন্ত্রীর অনুপস্থিতিতে এই বিষয়ে সরকারের পক্ষ থেকে জবাব দাবি করেন এই সংসদ সদস্য। তিনি প্রশ্ন তোলেন, বিরোধী দলের সমাবেশের সময়েই কেন বিদ্যুৎ সংযোগ বিচ্ছিন্ন করা হলো এবং কেন প্রকাশ্য দিবালোকে বা জনাকীর্ণ সমাবেশে এই ধরনের অপরাধীরা বিস্ফোরণ ঘটানোর সুযোগ পাচ্ছে। একই সঙ্গে এই ঘটনার সঙ্গে জড়িত অপরাধীদের অবিলম্বে গ্রেপ্তার করে দৃষ্টান্তমূলক আইনগত ব্যবস্থা গ্রহণ করা হবে কিনা এবং বিরোধী দলের নির্বিঘ্নে সভা-সমাবেশ করার অধিকার রাষ্ট্র নিশ্চিত করবে কিনা, সে বিষয়ে সংসদ ও সরকারের সুস্পষ্ট ব্যাখ্যা দাবি করেন তিনি।

গণভোটের রায় বাস্তবায়ন

এখন প্রধান সংকট হলো গণভোটের রায় বাস্তবায়ন না হওয়া। এটি বাস্তবায়ন না হলে দেশের রাজনীতি সংঘাতের দিকে যেতে পারে।' মঙ্গলবার (৭ জুলাই) দুপুরে রাজধানীর মানিক মিয়া অ্যাভিনিউয়ে জাতীয় সংসদের ন্যাম ভবনের সামনে ১১ দলীয় ঐক্যের উদ্যোগে আয়োজিত মানববন্ধনে প্রধান অতিথির বক্তব্যে তিনি একথা বলেন। গণভোটের গণরায় বাস্তবায়ন, অবিলম্বে সংবিধান সংস্কার পরিষদের অধিবেশন আহ্বান এবং সব গণহত্যার বিচারের দাবিতে জুলাই শহীদ পরিবারের সদস্য, আহত, পঙ্গুত্ববরণকারী ও জুলাই যোদ্ধাদের নিয়ে এ মানববন্ধনের আয়োজন করা হয়। মিয়া গোলাম পরওয়ার বলেন, 'আমরা স্পিকারকে বলেছি, দেশের অভিভাবক হিসেবে প্রধানমন্ত্রী, সংসদ নেতা এবং বিরোধীদলীয় নেতাকে সঙ্গে নিয়ে গণভোটে প্রায় ৭০ শতাংশ জনগণের দেওয়া রায় বাস্তবায়নে প্রয়োজনীয় আইনি পদক্ষেপ গ্রহণ করুন।' তিনি বলেন, 'স্পিকার আমাদের আশ্বস্ত করেছেন। তিনি জানিয়েছেন, এ বিষয়ে তিনি প্রধানমন্ত্রীর সঙ্গে আলোচনা করবেন।' মানববন্ধনে সভাপতির বক্তব্যে জামায়াতের সহকারী সেক্রেটারি জেনারেল ও ১১ দলীয় ঐক্যের সমন্বয়ক ড. এএইচএম হামিদুর রহমান আযাদ বলেন, আমরা আশা করছি সরকার স্মারকলিপি বিবেচনায় নেবে। জনগণের প্রত্যাশা পূরণ না করে পার্লামেন্ট চালাবেন, জনগণ এটা মানবে না। ক্ষমতায় বসে জনগণের মতকে উপেক্ষা করে চলবেন, এটাও বাংলাদেশ হতে দেবে না। গণভোটের রায় বাস্তবায়নের জন্য প্রয়োজনে আরও একটি জুলাই বিপ্লব হবে, তারপরও আমরা রাজপথ ছাড়বো না। তিনি সরকারের উদ্দেশ্য করে বলেন, বিচারের দাবি জানিয়েছি, বিচার করতে হবে। যদি বিচার না করেন-তাহলে জনগণ আপনাদের বাধ্য করবে, কারণ আপনারা ক্ষমতায় এসেছেন, ক্ষমতায় বসে আছেন রক্তাক্ত জুলাইয়ের শহীদদের রক্তের ওপর দাঁড়িয়ে। আমরা আন্দোলন চাই না, সমাধান চাই। এছাড়াও মানববন্ধনে বক্তব্য রাখেন শহীদ পরিবারের সদস্যরা। মানববন্ধনের আগে শহীদ জাবির ইবরাহিমের মা রোকেয়া এমপিসহ পাঁচজন নারী সংসদ সদস্য এবং ১১ দলের নেতারা স্পিকারের কাছে একটি স্মারকলিপি জমা দেন।

সেনাবাহিনীকে পেশাদারিত্ব ও সর্বোচ্চ

তিনি সেনাবাহিনীকে পেশাদারত্ব ও সর্বোচ্চ প্রস্তুতি বজায় রাখার নির্দেশনা দেন। মঙ্গলবার (৭ জুলাই) ৯ পদাতিক ডিভিশন ও সাভার এরিয়ার দায়িত্বপূর্ণ এলাকা মানিকগঞ্জের সিংগাইরে অনুষ্ঠিত এ প্রশিক্ষণ পরিদর্শনকালে তিনি সেনাসদস্যদের পেশাদারত্ব, শৃঙ্খলা এবং অপারেশনাল প্রস্তুতির প্রশংসা করেন। প্রধানমন্ত্রী প্রশিক্ষণ এলাকায় পৌঁছালে তাকে স্বাগত জানান সেনাবাহিনী প্রধান জেনারেল ওয়াকার-উজ-জামান এবং জিওসি, ৯ পদাতিক ডিভিশন ও এরিয়া কমান্ডার, সাভার এরিয়া মেজর জেনারেল এস এম আসাদুল হক। পরিদর্শনকালে প্রধানমন্ত্রী যুদ্ধক্ষেত্রে সেনাসদস্যদের অবস্থান, রণকৌশলের প্রয়োগ, সমরাস্ত্রের ব্যবহার এবং বিভিন্ন বাস্তবধর্মী প্রশিক্ষণ কার্যক্রম পর্যবেক্ষণ করেন। তিনি সেনাসদস্যদের সঙ্গে কুশল বিনিময় করেন এবং চলমান প্রশিক্ষণের মান ও অপারেশনাল প্রস্তুতিতে সন্তোষ প্রকাশ করেন। সেনাসদস্যদের উদ্দেশে দেওয়া বক্তব্যে প্রধানমন্ত্রী বলেন, দেশের জনগণের বাংলাদেশ সেনাবাহিনীর প্রতি গভীর আস্থা রয়েছে। তিনি পেশাদার প্রশিক্ষণ, কঠোর শৃঙ্খলা এবং সর্বোচ্চ প্রস্তুতি বজায় রাখার ওপর গুরুত্বারোপ করেন। পাশাপাশি তিনি বাংলাদেশ সেনাবাহিনীর উত্তরোত্তর সাফল্য কামনা করেন। এসময় প্রধানমন্ত্রীর প্রতিরক্ষা উপদেষ্টা ব্রিগেডিয়ার জেনারেল (অব.) ড. এ কে এম শামছুল ইসলাম, উর্ধ্বতন সামরিক ও বেসামরিক কর্মকর্তা এবং বিভিন্ন পর্যায়ের সেনাসদস্য উপস্থিত ছিলেন।

সমাবর্তনের আঙ্গিকে পালন

নিজেরাই উদ্যোগ নিয়ে সমাবর্তনের আঙ্গিকে তাদের শিক্ষা সমাপনী অনুষ্ঠান করে । তারই এক সপ্তাহ পর এবার সমাজকর্ম বিভাগের শিক্ষার্থীরাও নিজস্ব উদ্যোগে এই আয়োজন করেছে। অন্যান্য বিশ্ববিদ্যালয় সমাবর্তন অনুষ্ঠান করলেও জাতীয় বিশ্ববিদ্যালয় সমাবর্তনের আয়োজন না করায় বিদায়ী শিক্ষার্থীরা অনেক ক্ষোভ প্রকাশ করেন। সমাজকর্ম বিভাগের ২২-২৩ সেশনের মাস্টার্সের শিক্ষার্থী আকাশ বলেন, জাতীয় বিশ্ববিদ্যালয়ে যেহেতু দীর্ঘ সময় যাবৎ সমাবর্তন অনুষ্ঠানের আয়োজন করেনা, তাই আমরা সম্পূর্ণ নিজস্ব উদ্যোগে এই অনুষ্ঠানের আয়োজন করেছি। তিনি আরো বলেন, নিজেরা উদ্যোগ নিয়ে আজকের এই অনুষ্ঠান আয়োজন করতে পেরে আমরা অনেক আনন্দিত কিন্তু তার পাশাপাশি আজ বিদায় বেলা তাই অনেক ব্যাথিতও "অনুষ্ঠানে সভাপতিত্ব করেন সমাজকর্ম বিভাগের বিভাগীয় প্রধান ডা.মো: জাহাঙ্গীর কবির। আজকের অনুষ্ঠান এবং সামনে কলেজ প্রশাসন কিংবা ডিপার্টমেন্টের উদ্যোগে এরকম অনুষ্ঠান হবে কিনা জানতে চাইলে ডা. মো: জাহাঙ্গীর কবির বলেন," এটা তো আমাদের করার বিষয় না, কিন্তু জাতীয় বিশ্ববিদ্যালয় প্রতি বছর একেক দিন একেক টি কলেজে সমাবর্তন অনুষ্ঠান করলে ভালো হবে, তাহলে শিক্ষার্থীরা অনেক খুগি হবে।" প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিএম কলেজের অধ্যক্ষ প্রফেসর ড. শেখ তাজুল ইসলাম। । বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন কলেজের উপাধ্যক্ষ প্রফেসর আবু তাহের রাশেদুল ইসলাম।

আসামীদের বাঁচাতে এবার

করে। তবে খোঁজ নিয়ে জানাগেছে-বাদী মামলায় যা উল্লেখ করেছেন তার সাথে বাস্তবতার কোন মিল নেই। প্রকৃত ঘটনা হলো কলেজছাত্র মুন্নাকে কুপিয়ে হত্যাচেষ্টার ঘটনায় যে মামলা দায়ের করা হয়েছে ওই মামলার ২ নম্বর আসামী রানা খান। তার মা হলেন ধর্ষণচেষ্টা মামলার বাদী নিলুফা বেগম। মূলত ছেলে কে মারামারির মামলা থেকে বাঁচাতে এ ধরণের বানোয়াট কাহিনী রচনা করে আদালতে ধর্ষণচেষ্টা মামলা করেছে সে। মামলায় বাদী নিজের বয়স উল্লেখ করেছেন ৪৫ বছর। অথচ তার ভোটার আইডিতে জন্ম সাল ১৯৭২। সে অনুযায়ী তার বয়স ৫৪ বছর। অর্থ্যাৎ শুরুতেই যে তিনি মিথ্যার আশ্রয় নিয়ে মামলাটি করেছেন সেটা পানির মত পরিষ্কার। তাছাড়া ঘটনার দিন আসামিরা কেউ বাড়ীতেই ছিলেন না। বিবাদীদের ভাষ্য-মূলত তাদেরকে ফাঁসানোর জন্য এ ধরণের নাটক সাজানো হয়েছে। বিবাদী সুরুজ খান অভিযোগ করে বলেন-নিলুফা বেগম আমার চাচাতো ভাইয়ের স্ত্রী। তার সাথে আমাদের কোন শত্রুতা নেই। তার ছেলে সহ বেশ কয়েকজন মিলে মুন্নাকে হত্যার উদ্দেশ্যে কুপিয়ে গুরুতর জখম করে। মুন্না এখনো ঢাকার পঙ্গু হাসপাতালে ভর্তি। তার একটি হাত কেটে ফেলতে হয়েছে। এ ঘটনায় আহতের মা বাদী হয়ে থানায় মামলা করেছেন। ওই মামলার তিন নম্বর আসামিকে পুলিশ গ্রেফতার করেছে। কিন্তু অন্য আসামিরা এখনো ধরাছোয়ার বাইরে। মামলা থেকে বাঁচাতে উল্টো আমাদের নামে মিথ্যা অভিযোগ এনে মামলা করেছেন। ঘটনার দিন আমরা কেউ বাড়ীতে ছিলাম না। ত্রিপল নাইনে ফোন পেয়ে পুলিশ ঘটনাস্থলে এসেও তেমন কোন আলামত পায়নি। মামলার এজাহারে উল্লেখ করা হয়েছে আশঙ্কা জনক অবস্থায় তারা নিলুফা বেগমকে হাসপাতালে নিয়ে ভর্তি করেন। কিন্তু নিলুফা বেগমকে পরেদিনই চিকিৎসকগণ সুস্থ্য বলে হাসপাতাল থেকে নাম কেটে দেওয়া হয়। সবচেয়ে আশ্চর্যের বিষয় হলো বাড়ীতে এত লোক থাকতেও তাদের চিৎকার কেউ শুনতে পায়নি। উল্লেখ্য, নির্মাণাধীন একটি বাড়ির জন্য আনা বালু রাখা নিয়ে গত ৩০ মে প্রতিবেশীদের মধ্যে বিরোধের সৃষ্টি হয়। পরে বিষয়টির মীমাংসা হলেও ৩১ মে সকালে পূর্বপরিকল্পিতভাবে মুন্নার উপর হামলা চালায় প্রতিপক্ষরা। তারা হত্যার উদ্দেশ্যে এলোপাথাড়ি কুপিয়ে রাস্তায় ফেলে রাখে। আহত মুন্নার বাবা লিটন খান জানান, আগের রাতেই বিরোধের নিস্পত্তি হয়েছিল। কিন্তু পরদিন সকালে নলিদাস পোল এলাকায় কাজে যাওয়ার পথে আগে থেকেই ওৎ পেতে থাকা সন্ত্রাসীরা ধারালো অস্ত্র দিয়ে তার ছেলেকে কুপিয়ে গুরুতর জখম করে পালিয়ে যায়। হামলায় মুন্নার একটি হাত বিচ্ছিন্ন হয়ে যায় এবং শরীরের বিভিন্ন স্থানে গুরুতর জখম হয়। বর্তমানে মুন্না ঢাকার জাতীয় অর্থোপেডিক (পঙ্গু) হাসপাতালে চিকিৎসাধীন রয়েছেন। তিনি বরিশালের সরকারি সৈয়দ হাতেম আলী কলেজের ডিগ্রি প্রথমবর্ষের শিক্ষার্থী।

ভোলায় জুতার মালা

৭ নম্বর ওয়ার্ডের বাসিন্দা। জানা গেছে, সোমবার (৬ জুলাই) সকালে উপজেলার সোনাপুর ইউনিয়নের ৭ নম্বর ওয়ার্ডের সোনাপুর সরকারি আবাসন এলাকায় মাহে আলম ও তাসলিমা নামের এক নারীকে 'আপত্তিকর অবস্থায়' আটক করার দাবি তুলে তাদের প্রকাশ্যে জুতার মালা পরিয়ে অপদস্ত করেন সজিব প্রধানসহ কয়েকজন যুবক। পরে তাদের তওবা করে ভবিষ্যতে এমন কাজ না করার শর্তে ছেড়ে দেন তারা। এদিকে, এ ঘটনার বেশ কিছু ভিডিও ও ছবি সামাজিক যোগাযোগমাধ্যমে ছড়িয়ে পড়লে তা ব্যাপক সমালোচনার সৃষ্টি হয়। পরে পুলিশ বিষয়টি আমলে নিয়ে মাঠে নেমে রাতভর অভিযান চালিয়ে ঘটনার সঙ্গে জড়িত থাকার অভিযোগে চারজনকে গ্রেফতার করেন। তাদের কাছ থেকে ঘটনায় অন্যান্য জড়িতদের বিস্তারিত তথ্য সংগ্রহ করা হচ্ছে। এছাড়াও এ ঘটনায় ভুক্তভোগী মাহে আলম বাদী হয়ে অভিযুক্তদের আসামী করে তজুমদ্দিন থানায় একটি মামলা দায়েরের প্রস্তুতি চলছে। তবে ভুক্তভোগীদের দাবি, তাদের পরিকল্পিতভাবে ফাঁসিয়ে সামাজিকভাবে হেয়প্রতিপন্ন করা হয়েছে। তারা ঘটনার সুষ্ঠু তদন্ত ও দোষীদের বিরুদ্ধে আইনগত ব্যবস্থা গ্রহণের দাবি জানান। স্থানীয় দাবি, কোনো ব্যক্তি অপরাধ করেছেন এমন অভিযোগ থাকলে তার দেশের প্রচলিত আইন অনুযায়ী বিচার হওয়া উচিত। কাউকে প্রকাশ্যে অপদস্ত করা, জুতার মালা পরানো কিংবা সামাজিকভাবে হেয় করা আইন নিজের হাতে তুলে নেওয়ার শামিল, যা কোনোভাবেই গ্রহণযোগ্য নয়। যারা এই ঘটনা ঘটিয়েছেন তাদের দ্রুত আইনের আওতায় আনার দাবী জানান তারা। তজুমদ্দিন থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মিজানুর রহমান বলেন, ভিডিও দেখে অভিযুক্তদের শনাক্তের চেষ্টা চলছে। ইতিমধ্যে রাতে অভিযান চালিয়ে ৪ জনকে আটক করা হয়েছে। তাদেরকে জিজ্ঞেসাবাদ করা হচ্ছে। এছাড়াও এ ঘটনায় একটি মামলা দায়েরের প্রস্তুতি চলছে।

বিএনপি ও যুবদলের নেতাসহ

দায়েরের সত্যতা নিশ্চিত করেছেন। তিনি জানান, সোমবার (০৬ জুলাই) পটুয়াখালীর অতিরিক্ত চিফ জুডিশিয়াল ম্যাজিস্ট্রেট নওরিন করিমেট আদালতে ভুক্তভোগী নাসির উদ্দিন বাদী হয়ে এ মামলা দায়ের করেন। আদালত মামলাটি গ্রহণ করে ডিবি পুলিশকে তদন্তের দায়িত্ব দিয়েছেন। জানা গেছে, মামলার বাদী নাসির উদ্দিন দাশপাড়া ইউনিয়নের চরআলগী গ্রামের বাসিন্দা। পেশায় তিনি একজন কৃষক ও গরুর খামারি। মামলার এজাহার সূত্রে জানা যায়, বৃহস্পতিবার (০২ জুলাই) দুপুর সোয়া ১টার দিকে আসামিরা পটুয়াখালী শহরের হেতালিয়া বাঁধঘাট এলাকা থেকে নাসির উদ্দিনকে অপহরণ করে বাউফলে নিয়ে আসে। তার কাছে তিন লাখ টাকা মুক্তিপণ দাবি করা হয় এবং টাকা আদায়ের উদ্দেশ্যে হাত-পা বেঁধে নির্যাতন চালানো হয়। পরে জাতীয় জরুরি সেবা নম্বর ৯৯৯ থেকে তথ্য পেয়ে বাউফল থানা পুলিশ উপজেলার ইঞ্জিনিয়ার ফারুক তালুকদার মহিলা কলেজ এলাকা থেকে তাকে উদ্ধার করে। বাদী নাসির উদ্দিন জানান, অভিযুক্তরা এলাকায় প্রভাবশালী হওয়ায় তিনি বর্তমানে নিরাপত্তাহীনতায় ভুগছেন এবং এলাকায় ফিরতে পারছেন না। তবে অপহরণ ও মুক্তিপণ দাবির অভিযোগ অস্বীকার করেছেন পৌর বিএনপির যুগ্ম সাধারণ সম্পাদক মাসুম বিল্লাহ পলাশ, দাশপাড়া ইউনিয়ন বিএনপির সভাপতি আলী আজম চৌধুরী ও উপজেলা যুবদলের সদস্য সচিব সাইফুল ইসলাম ফিরোজ। তারা বলেন, 'মামলার বাদী নাসির উদ্দিন দাসপাড়া ইউনিয়ন পরিষদের সাবেক চেয়ারম্যান ও কার্যক্রম নিষিদ্ধ আওয়ামী লীগ নেতা এএনএম জাহাঙ্গীর হোসেনের সমর্থক। তাই রাজনৈতিকভাবে তাদেরকে হয়রানি করার উদ্দেশ্যে এ মামলা করা হয়েছে। এ ঘটনার সঙ্গে আমরা কেউ জড়িত না।'

মুলাদীতে বিএনপি নেতা

কলেজ ছাত্রদল সভাপতি রিফাত মল্লিক, ওয়ার্ড ছাত্রদল সভাপতি বাকির মল্লিক সহ স্থানীয় গণ্যমান্য ব্যক্তিবর্গ।

প্রশাসনিক উপজেলা ঘোষণার প্রস্তুতি

এসাইনমেন্ট অফিসার-১ মো. মহিউদ্দিন আল হেলাল স্বাক্ষরিত এক পত্রে এ বিষয়ে প্রয়োজনীয় প্রশাসনিক ব্যবস্থা গ্রহণ এবং এ সংক্রান্ত কার্যক্রম নির্দেশনা দেওয়া হয়। ফলে কলাপাড়া উপজেলার চারটি ইউনিয়ন ও একটি পৌরসভা নিয়ে গঠিত হতে যাচ্ছে প্রশাসনিক মহিপুর উপজেলা। প্রসঙ্গত, মহিপুর দক্ষিণাঞ্চলের একটি গুরুত্বপূর্ণ জনপদ। ২০১৬ সালে থানা প্রতিষ্ঠার পর থেকে এলাকার প্রশাসনিক, অর্থনৈতিক ও বাণিজ্যিক গুরুত্ব বৃদ্ধি পেয়েছে। এখানে দেশের অন্যতম বৃহৎ মৎস্য বন্দর, বিভিন্ন সরকারি-বেসরকারি দপ্তর, ব্যাংক, বীমা, কারখানা, শিক্ষা ও স্বাস্থ্য প্রতিষ্ঠান এবং দেশের দ্বিতীয় বৃহত্তম সাবমেরিন ক্যাবল ল্যান্ডিং স্টেশন রয়েছে। এছাড়া কুয়াকাটা পর্যটন কেন্দ্রের মহিপুর থানা এলাকায়। পর্যটন কেন্দ্র ও মৎস্য বন্দরকেন্দ্রিক অর্থনৈতিক কর্মকাণ্ড এবং ভৌগোলিক অবস্থান বিবেচনায় মহিপুরকে প্রশাসনিক উপজেলা ঘোষণা করা এখন সময়ের দাবি।

পিরোজপুর জেলা হাসপাতাল: শিশু ওয়ার্ডে

চিকিৎসকরা চিকিৎসা সেবা দিতে হিমশিম খাচ্ছেন। পিরোজপুর জেলা হাসপাতালে সব মিলিয়ে ধারণ ক্ষমতার চেয়ে প্রায় তিনগুণ রোগী ভর্তি হয়ে চিকিৎসা সেবা নিচ্ছেন। হাসপাতালের মহিলা ওয়ার্ডে ৩৬ টি বেড এর অনুকূলে ভর্তি রয়েছেন ৬৩ জন রোগী। গত ২৪ ঘণ্টায় ভর্তি হয়েছে ৫৩ জন। অন্যদিকে পুরুষ ওয়ার্ডে ৩০ টি বেড-এর অনুকূলে ভর্তি রোগী ৭০ জন এবং ২৪ ঘণ্টায় ভর্তি হয়েছেন ৪২ জন। হাসপাতালের ওয়ার্ডের মেঝেতে, বারান্দার ফ্লোরে চরম ভোগান্তিতে চিকিৎসা সেবা নিচ্ছেন অসুস্থ রোগীরা। এদিকে ২৫০ শয্যার হাসপাতালের নির্মাণ কাজ শেষ হলেও এখনো উদ্বোধন করা হয়নি। হাসপাতালটি সর্বশেষ ৩০ জুন দ্বিতীয় ধাপে উদ্বোধন হওয়ার কথা থাকলেও কর্তৃপক্ষ ফার্নিচারের অভাবে উদ্বোধন করতে পারেনি। লিফট না আসায় পিরোজপুরবাসীর চিকিৎসা সেবার জন্য প্রাথমিক পর্যায়ে হাসপাতালের চারটি ফ্লোরে সেবা কার্যক্রমের উদ্যোগ নিয়েছিল কর্তৃপক্ষ। তবে পর্যাপ্ত ফার্নিচারের অভাবে তখনও সম্ভব হয়নি। ফলে পিরোজপুরবাসী চিকিৎসাসেবা নিয়ে চরম ভোগান্তিতে রয়েছেন। দ্রুত হাসপাতালটি চালু করলে চিকিৎসা সেবায় ভোগান্তি দূর হবে এবং পিরোজপুর জেলা সহ আশেপাশের প্রায় ২০ লক্ষ মানুষের উন্নত চিকিৎসা সেবা নিশ্চিত হবে বলে মনে করছেন সংশ্লিষ্টরা। চিকিৎসা প্রত্যাশীরা বলছেন, 'বছরের পর বছর ভোগান্তিতে চিকিৎসা সেবা নিতে হচ্ছে। কয়েক বছর ধরে একটি হাসপাতাল নির্মাণাধীন রয়েছে, সেটি দ্রুত উদ্বোধন করা হলে চিকিৎসা প্রত্যাশীদের ভোগান্তি কমবে এবং আধুনিক চিকিৎসা সেবা নিশ্চিত হবে।' নিউমোনিয়ায় আক্রান্ত শিশুর অভিভাবক মনিরা আক্তার বলেন, 'এখানে বেডের খুব সমস্যা। আমরা নিচে জায়গা পাইছি, এর জন্য নিচেই বাচ্চা নিয়ে আছি। এখানে খাবারও যেমন কম আবার বেড ও কম। বাচ্চা অনেক অসুস্থ, বাইরে থাকায় বাচ্চা আরো বেশি অসুস্থ হয়ে যায়। পাশ থেকে মানুষ হাঁটাচলা করে বিছানার চাদর নষ্ট হয়, আমাদের অনেক বেশি কষ্ট হচ্ছে।' হাম আক্রান্ত শিশুর অভিভাবক (দাদি) বলেন, 'বারিন্দায় থাকি কোন সিট পাইতাছি না। খাওন লওনে খুব অসুবিধা। সবই কেনা লাগে, হাসপাতাল দিয়ে কিছুই দেয় না। আমাদের যদি সামর্থ্য থাকতে তাইলে বিজিট দিয়ে ডাক্তার দেখাইতাম। খুলনা যাইতাম, বরিশাল যাইতাম। আমরা গরিব, এই জন্য এইখানে আসছি কিন্তু আমরা এখানে কিছুই পাইনা।' পিরোজপুর জেলা হাসপাতালের সিনিয়র স্টাফ নার্স পপি হালদার বলেন, 'পিরোজপুর জেলা হাসপাতাল শিশু ওয়ার্ডে ১৪ টি বেড আছে, রোগী ভর্তি আছে ১০৫ জন। বেডের তুলনায় রোগীর সংখ্যা অনেক বেশি। স্টাফদের সংখ্যাও কম থাকায় চিকিৎসা দিতে হিমশিম খেতে হচ্ছে। তারপরেও আমরা যথাসাধ্য চেষ্টা করছি চিকিৎসা সেবা দিতে।' পিরোজপুর জেলা হাসপাতালে মেডিকেল অফিসার সজিব পাইক বলেন, '১০০ শয্যার হাসপাতালে রোগী ভর্তি রয়েছে প্রায় তিনগুণ। বেড সংখ্যার পাশাপাশি চিকিৎসকেরও সংকট রয়েছে। হাসপাতালে ৬২ জন চিকিৎসক থাকার কথা কিন্তু রয়েছে মাত্র ১৪ থেকে ১৫ জন। তাদের চিকিৎসা সেবা দিতে হিমশিম খেতে হচ্ছে। এছাড়াও শিশু ওয়ার্ডে বিভিন্ন রোগে আক্রান্ত হয়ে চিকিৎসা সেবা নিচ্ছেন শতাধিক রোগী। পর্যাপ্ত বেড না থাকলেও সঠিকভাবে চিকিৎসা সেবা দেওয়া হচ্ছে।' ১৯৮৪ সালে ৩১ শয্যা নিয়ে পিরোজপুর সদর হাসপাতালের যাত্রা শুরু হলেও ১৯৯৭ সালে নির্মিত হয় ৫০ শয্যার নতুন ভবন। ২০০5 সালে সেটি ১০০ শয্যার হাসপাতালে রুপান্তর হয়। বর্তমানে দ্রুত নবনির্মিত ২৫০ শয্যার হাসপাতালটি উদ্বোধন হলে উন্নত চিকিৎসা সেবা নিশ্চিত হবে বলে মনে করছেন চিকিৎসা প্রত্যাশীরা।

টোকেন নিয়েও জরিমানার অভিযোগ

ও ইজিবাইক সংগ্রাম পরিষদ'। মঙ্গলবার (৭ জুলাই) সকালে বরিশাল জেলা কার্যালয়ে আয়োজিত এক সংবাদ সম্মেলনে সংগঠনের নেতারা এসব দাবি তুলে ধরেন। সংবাদ সম্মেলনে লিখিত বক্তব্যে কেন্দ্রীয় কমিটির সদস্যসচিব ডা. মনীষা চক্রবর্তী বলেন, ২০০৯ সালের স্থানীয় সরকার আইনের ষষ্ঠ তফসিল অনুযায়ী ইজিবাইকের ব্যবস্থাপনা নীতিমালা তৈরি করা প্রয়োজন। যানের নকশা নির্ধারণ, চালকদের প্রশিক্ষণ ও যাচাই-বাছাইয়ের মাধ্যমে প্রকৃত পেশাজীবীদের অনুমোদনের ব্যবস্থা করতে হবে। স্থায়ী নীতিমালা হওয়ার আগপর্যন্ত লাইসেন্সের নামে জরিমানা ও প্রশাসনিক হয়রানি বন্ধ করতে হবে। সংগঠনটির অন্য দাবিগুলোর মধ্যে রয়েছেসিটি করপোরেশনের উদ্যোগে ইজিবাইকের জন্য রিচার্জিং স্টেশন স্থাপন, পরিবেশবান্ধব উপায়ে ব্যাটারি বিনষ্ট করার ব্যবস্থা, নির্দিষ্ট স্ট্যান্ড ও চালকদের জন্য বিশ্রামাগার নির্মাণ। একই সঙ্গে সরকার প্রস্তাবিত 'বৈদ্যুতিক থ্রি-হুইলার ব্যবস্থাপনা নীতিমালা-২০২৫' দ্রুত বাস্তবায়নের দাবি জানান তারা। বরিশাল জেলা শাখার ভারপ্রাপ্ত সভাপতি দুলাল মল্লিকের সভাপতিত্বে সংবাদ সম্মেলনে আরও উপস্থিত ছিলেন জেলা সংগঠক শহিদ শেখ, রমজান আকন, মো. মনির, আইউব আলী প্রমুখ। এ বিষয়ে বরিশাল ও খুলনা অঞ্চলের বিআরটিএ পরিচালক জিয়াউর রহমান বলেন, বর্তমান আইন অনুযায়ী বিআরটিএ কেবল জ্বালানিচালিত (পেট্রোল, ডিজেল ও অকটেন) যানের নিবন্ধন দিতে পারে। ব্যাটারিচালিত যান বিআরটিএর নিবন্ধন কাঠামোর অন্তর্ভুক্ত নয়। ফলে এ নিয়ে কোনো চূড়ান্ত নীতিমালা এখনো কার্যকর হয়নি। অন্যদিকে সিটি করপোরেশন সূত্র জানায়, শৃঙ্খলা বজায় রাখা এবং চালকদের তথ্য সংরক্ষণের স্বার্থে সাময়িকভাবে টোকেন নবায়নের ব্যবস্থা রাখা হয়েছে। তবে চালকদের অভিযোগ, জাতীয় ও স্থানীয় কর্তৃপক্ষের এই দ্বৈত অবস্থানের কারণে তারা প্রতিনিয়ত আইনি জটিলতা ও আর্থিক ক্ষতির মুখে পড়ছেন।

এখনো মেলেনি বঙ্গোপসাগরে

(৪৫), গজালিয়া ইউনিয়নের দক্ষিণ ইছাদী গ্রামের মৃত করিম সিকদারের ছেলে ফোরকান সিকদার (৫৫), তার ছেলে সায়েম (২০), মৃত চান মিয়া হাওলাদারের ছেলে আল-আমিন (২২) এবং গলাচিপা সদর ইউনিয়নের পক্ষিয়া গ্রামের নাসির উদ্দিনের ছেলে আক্কাস (২৫)। উদ্ধার হওয়া ট্রলার মালিক এমাদুল সিকদার বলেন, ট্রলার উল্টে যাওয়ার পর ভেতরে আটকা পড়া জেলেদের চিৎকার শুনতে পাচ্ছিলাম। কিন্তু উত্তাল ঢেউ ও প্রবল স্রোতের কারণে কাউকে উদ্ধার করার মতো পরিস্থিতি ছিল না। কিছুক্ষণ পর ৬ জন বের হতে পারলেও ফোরকান, সায়েম ও এমাদুল খাঁ আর বের হতে পারেননি। তিনি আরও বলেন, আমরা আটজন ট্রলারের ফ্যান ধরে প্রায় ছয় ঘণ্টা ভেসে ছিলাম। পরে জীবন বাঁচাতে ৫ জন একটি ফ্লুট ধরে অন্যদিকে ভেসে যাই। পরে একটি মাছ ধরার ট্রলার আমাদের উদ্ধার করে। শেষবার দেখেছিলাম হারুন, আল-আমিন ও আক্কাস উল্টে থাকা ট্রলারের ফ্যানের কাছেই ছিলেন। উদ্ধার হওয়া আরেক জেলে বায়েজিদ বলেন, হঠাৎ করেই আবহাওয়া ভয়াবহ হয়ে ওঠে। বিশাল ঢেউয়ের আঘাতে ট্রলারটি ডুবে যায়। আমরা ট্রলারের ভাঙা অংশ ও একটি বয়া ধরে ঘণ্টার পর ঘণ্টা সাগরে ভেসে ছিলাম। চারদিকে শুধু অন্ধকার আর উত্তাল ঢেউ। মনে হচ্ছিল আর বাঁচব না। নিখোঁজ জেলে হারুনের স্বজনরা জানান, তিনি দশকেরও বেশি সময় ধরে তিনি সাগরে মাছ ধরছেন। জীবনের এত দীর্ঘ সময়ে কখনো এমন দুর্ঘটনার মুখোমুখি হননি। এখন তাদের একটাই প্রার্থনা তিনি যেন জীবিত ফিরে আসেন। এদিকে উপজেলা প্রশাসনের পক্ষ থেকে নিখোঁজ প্রত্যেক জেলের পরিবারকে প্রাথমিক সহায়তা হিসেবে ৭ হাজার ৫০০ টাকা করে প্রদান করা হয়েছে। এছাড়া সোমবার ট্রলার মালিক ও উদ্ধার হওয়া জেলে এমাদুল সিকদারের বাবা মো. ইদ্রিস সিকদার গলাচিপা থানায় এ ঘটনায় একটি সাধারণ ডায়েরি (জিডি) করেছেন। কোস্ট গার্ডের একটি সূত্র জানায়, আবহাওয়া অনুকূলে থাকলে উদ্ধার অভিযান আরও জোরদার করা হবে। পাশাপাশি আশপাশে অবস্থানরত সব মাছ ধরার ট্রলারকে সতর্ক থাকতে এবং নিখোঁজদের সন্ধান পেলে দ্রুত প্রশাসনকে জানাতে নির্দেশ দেওয়া হয়েছে। কুয়াকাটা নৌ-পুলিশের পরিদর্শক মো. মনিরুজ্জামান বলেন, নিখোঁজ জেলেদের উদ্ধারে নৌ-পুলিশ সর্বোচ্চ তৎপর রয়েছে। অন্যান্য সংস্থার সঙ্গে সমন্বয় করে অভিযান পরিচালনা করা হচ্ছে। গলাচিপা উপজেলা নির্বাহী কর্মকর্তা (ইউএনও) আবুজর মো. ইজাজুল হক বলেন, ট্রলারডুবির খবর পাওয়ার পরপরই রাঙ্গাবালী ও কলাপাড়া উপজেলা প্রশাসনের সঙ্গে সমন্বয় করা হয়েছে। কোস্ট গার্ড নিখোঁজ জেলেদের উদ্ধারে অভিযান চালাচ্ছে। স্থানীয় মাছ ধরার ট্রলারগুলোও অনুসন্ধানে অংশ নিয়েছে। তিনি আরও বলেন, আহতদের চিকিৎসার জন্য স্বাস্থ্য বিভাগকে প্রয়োজনীয় ব্যবস্থা নিতে নির্দেশ দেওয়া হয়েছে। আমি নিখোঁজ প্রত্যেক জেলের বাড়িতে গিয়ে তাদের পরিবারের সদস্যদের খোঁজখবর নিয়েছি এবং প্রত্যেক পরিবারকে ৭ হাজার ৫০০ টাকা করে আর্থিক সহায়তা দেওয়া হয়েছে। হাসপাতালে ভর্তি আহত জেলেদেরও দেখে এসেছি। এ সময় উপজেলা সিনিয়র মৎস্য কর্মকর্তা জহিরুল নবী, উপজেলা প্রকৌশলী জাহাঙ্গীর হোসেন এবং মাননীয় প্রতিমন্ত্রীর প্রতিনিধি আবু নাঈম উপস্থিত ছিলেন।

চলতি বছর বৈশ্বিক গ্যাসের

হয়েছে, চলতি বছরে বৈশ্বিক গ্যাসের ব্যবহার প্রায় ২০ বিলিয়ন ঘনমিটার (৭০৬ বিলিয়ন ঘনফুট) কমতে পারে। খবর আলজাজিরার। আইইএর মতে, যুক্তরাষ্ট্র-ইসরায়েল ও ইরানের যুদ্ধের প্রভাবে গ্যাস সরবরাহ আরও সংকুচিত হয়েছে। ফলে দাম বেড়ে যাওয়ায় বিদ্যুৎ উৎপাদনকারী প্রতিষ্ঠান ও শিল্প খাত গ্যাসের ব্যবহার কমিয়ে দিচ্ছে। প্রতিবেদনে বলা হয়েছে, এটি হবে চলতি দশকে বৈশ্বিক গ্যাসের চাহিদা কমার তৃতীয় ঘটনা। এর আগে ২০২০ এবং ২০২২ সালেও গ্যাসের ব্যবহার কমেছিল। ২০২৬ সালের প্রথমার্ধে এশিয়ায় প্রাকৃতিক গ্যাসের চাহিদা আগের বছরের একই সময়ের তুলনায় প্রায় ১ শতাংশ কমেছে। উচ্চ মূল্যের কারণে বিশেষ করে বিদ্যুৎ উৎপাদনে গ্যাসের পরিবর্তে কয়লার ব্যবহার বেড়েছে। এদিকে, ইউরোপের টিটিএফ এবং এশিয়ার প্ল্যাটস জেকেএম গ্যাসের বেঞ্চমার্ক মূল্য ২০২২ সালের পর দ্বিতীয় প্রান্তিকে সর্বোচ্চ গড়ে পৌঁছেছে। ইউরোপে টিটিএফের দাম বছরে ৩২ শতাংশ বেড়ে প্রতি মিলিয়ন ব্রিটিশ থার্মাল ইউনিট প্রায় ১৬ ডলারে দাঁড়িয়েছে। অন্যদিকে, এশিয়ায় স্পট এলএনজির গড় মূল্য ৪৫ শতাংশ বৃদ্ধি পেয়ে প্রতি মিলিয়ন ব্রিটিশ থার্মাল ইউনিট ১৭.৫০ ডলারে পৌঁছেছে। আইইএ আরও জানায়, ইরানকে ঘিরে সংঘাতের কারণে হরমুজ প্রণালি দিয়ে এলএনজি পরিবহন উল্লেখযোগ্যভাবে কমে গেছে। শান্তিকালীন সময়ে এই গুরুত্বপূর্ণ নৌপথ দিয়ে বিশ্বের মোট এলএনজি সরবরাহের প্রায় ২০ শতাংশ পরিবাহিত হতো।

ভিসা নিয়ে সুখবর দিলো

অন্তর্ভুক্ত থাকবে প্লেনের টিকিট, হোটেল বুকিং ও অন্যান্য ভ্রমণ সেবা। সৌদি আরবের (Saudi Arabia) রাষ্ট্রীয় বার্তা সংস্থা সৌদি প্রেস এজেন্সি (এসপিএ) এ তথ্য নিশ্চিত করেছে। প্রাথমিকভাবে নির্দিষ্ট কিছু দেশের বাজারে অনুমোদিত ট্রাভেল এজেন্সির মাধ্যমে পরীক্ষামূলকভাবে এই কার্যক্রম শুরু করা হয়েছে। নতুন এই ব্যবস্থার ফলে ভ্রমণকারীরা একটি একক প্যাকেজের মাধ্যমে পর্যটন ভিসার (Tourist Visa) জন্য আবেদন করতে পারবেন। এই প্যাকেজের ভেতরেই থাকবে রাউন্ড-ট্রিপ বা যাওয়া-আসার প্লেনের টিকিট এবং অনুমোদিত হোটেলে থাকার ব্যবস্থা। সেই সঙ্গে অনলাইনেই করা যাবে ভিসার আবেদন। ফলে পর্যটকদের আলাদাভাবে প্লেনের টিকিট, হোটেল বুকিং বা ভিসার ঝামেলা পোহাতে হবে না। একই সঙ্গে ভ্রমণকারীরা তাদের ইচ্ছামতো বিভিন্ন ইভেন্ট, বিনোদনমূলক কার্যক্রম এবং দর্শনীয় স্থান ঘুরে দেখার বিষয়গুলোও এই প্যাকেজে যুক্ত করতে পারবেন। ডিজিটাল প্ল্যাটফর্ম, কারিগরি সক্ষমতা এবং ২৪ ঘণ্টা গ্রাহক সেবা দিতে পারে শুধু এমন অনুমোদিত ট্রাভেল এজেন্সিগুলোই এই সেবা দেওয়ার সুযোগ পাবে। সৌদি আরবের 'ভিশন ২০৩০' পরিকল্পনার অংশ হিসেবে পর্যটন খাত এগিয়ে নিতে এই উদ্যোগ নেওয়া হয়েছে। দেশটির পর্যটন মন্ত্রণালয়, পররাষ্ট্র মন্ত্রণালয়, স্বরাষ্ট্র মন্ত্রণালয় এবং ইন্স্যুরেন্স অথরিটির যৌথ সহযোগিতায় এই নতুন সেবা চালু হলো। সৌদি পর্যটন মন্ত্রী আহমেদ আল-খতিব বলেন, পর্যটকদের ভ্রমণ অভিজ্ঞতা আরও সহজ ও মসৃণ করার ক্ষেত্রে এটি একটি বড় পদক্ষেপ। তিনি আরও বলেন, সৌদি আরবের পর্যটন খাতের গল্প সবসময়ই বড় স্বপ্ন ও ক্রমাগত অগ্রগতির। এই প্যাকেজ ভিসার মাধ্যমে ট্রাভেল পার্টনারদের আরও শক্তিশালী করা হচ্ছে। এর মাধ্যমে পর্যটকদের ভ্রমণ সহজ হবে এবং তারা একদম স্মার্ট উপায়ে সৌদি আরব উপভোগ করতে পারবেন।

মঠবাড়িয়ায় তিন দিনের মধ্যে

অভিভাবকসহ দুই ওয়ার্ডের শত শত মানুষ চরম দুর্ভোগের মধ্যে চলাচল করছিলেন। ভাঙা কালভার্টে স্কুল ছাত্র ঝুলে থাকা ছবি স্থানীয়রা সামাজিক যোগাযোগমাধ্যম ফেসবুকে পোস্ট করার পর বিষয়টি উপজেলা প্রশাসনের নজরে আসে। মাত্র তিন দিনের মধ্যেই উপজেলা প্রশাসনের উদ্যোগে দ্রুত সংস্কারকাজ সম্পন্ন করে কালভার্টটি জনসাধারণের চলাচলের উপযোগী করা হয়েছে। স্থানীয় বাসিন্দারা জানান, কালভার্টটি সংস্কারের ফলে শিক্ষার্থী, অভিভাবক ও এলাকাবাসীর দীর্ঘদিনের ভোগান্তি দূর হয়েছে। তারা দ্রুত সেখানে একটি স্থায়ী আরসিসি কালভার্ট নির্মাণের দাবি জানান। উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা শফিকুল ইসলাম বলেন, ''ফেসবুক পোস্টের মাধ্যমে বিষয়টি উপজেলা প্রশাসনের নজরে আসে। এরপর ইউএনওর নির্দেশনায় দ্রুত ১২ ফুট দৈর্ঘ্যের কালভার্টটি সংস্কার করা হয়েছে, যাতে এলাকাবাসীর চলাচলে আর কোনো সমস্যা না থাকে।'' এ বিষয়ে উপজেলা নির্বাহী কর্মকর্তা (ইউএনও) আকলিমা আক্তার বলেন, ''স্থানীয় মানুষের দুর্ভোগের বিষয়টি জানার সঙ্গে সঙ্গেই দ্রুত ব্যবস্থা নেওয়া হয়েছে। আপাতত যাতায়াত স্বাভাবিক রাখতে কালভার্টটি সংস্কার করা হয়েছে। ভবিষ্যতে প্রয়োজনীয় বরাদ্দ পাওয়া গেলে সেখানে একটি টেকসই আরসিসি কালভার্ট নির্মাণের উদ্যোগ নেওয়া হবে।''

পল্লী বিদ্যুতের সাবস্টেশনে

পল্লী বিদ্যুতের ৩৩-১১ কেভি গ্রিড সাবস্টেশনে বিকট শব্দের পর আগুন লাগে। মাত্র এক থেকে দুই মিনিটের আগুনেই সাবস্টেশনের ৬ নম্বর ফিডারসহ বিভিন্ন তারের সংযোগ ও গুরুত্বপূর্ণ যন্ত্রাংশ পুড়ে যায়। তবে এ ঘটনায় বড় কোনো দুর্ঘটনা না ঘটলেও বরগুনা সদর উপজেলার ১০টি ইউনিয়নের ৬৭ হাজার গ্রাহক এখন বিদ্যুৎ বিচ্ছিন্ন অবস্থায় রয়েছেন। খবর পেয়ে পল্লী বিদ্যুতের প্রকৌশলী ও কর্মীরা ঘটনাস্থলে পৌঁছে ক্ষতিগ্রস্ত যন্ত্রাংশ পরীক্ষা এবং মেরামতের কাজ শুরু করেন। প্রাথমিকভাবে ধারণা করা হচ্ছে, অভ্যন্তরীণ ত্রুটির কারণেই বিস্ফোরণ ও অগ্নিকাণ্ডের ঘটনা ঘটেছে। এ বিষয়ে পটুয়াখালী পল্লী বিদ্যুৎ সমিতির বরগুনা জোনাল অফিসের ডিজিএম মোহাম্মদ নাজমুল হাসান বলেন, আমরা রাতে অফিসেই ছিলাম। হঠাৎ করে বিকট একটা শব্দ হয়ে বিদ্যুৎ বন্ধ হয়ে যায়। পরে ঘটনাস্থলে এসে দেখি ১১ কেভি এসিআর বিস্ফোরণ হয়ে বিদ্যুৎ সঞ্চালন বন্ধ হয়ে গেছে। তিনি বলেন, এছাড়াও অনেক তার ও যন্ত্রাংশ পুড়ে গেছে। আমরা কাজ শুরু করেছি এবং সকল যন্ত্রাংশ পরীক্ষা করছি। তবে যে যন্ত্রাংশটি পুড়ে গেছে তা পটুয়াখালী থেকে নিয়ে আসতে হবে। আমাদের চেষ্টা অব্যাহত। রাতের মধ্যে বিদ্যুৎ সঞ্চালন চালু করতে না পারলেও আগামীকাল সকালের মধ্যে চালু করার সর্বোচ্চ চেষ্টা করব। কী কারণে এ ঘটনা ঘটেছে জানতে চাইলে তিনি বলেন, অভ্যন্তরীণ ত্রুটির কারণে এ ঘটনা ঘটতে পারে।

জেলে পরিবারের তালিকা

আশ্রাফুর রহমান দিপু ফরাজী ,সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা জয়ন্ত কুমার অপু উপজেলা কৃষি কর্মকর্তা নাজমুল হাসান, উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা নুর নবী, উপজেলা সমাজসেবা কর্মকর্তা মামুন হোসেন, উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা সুলতান সালাউদ্দিন সহ প্রশাসনের বিভিন্ন দপ্তরের কর্মকর্তা, রাজনৈতিক নের্তৃবৃন্দ, ইউনিয়ন পরিষদের প্রশাসক ও সচিবসহ স্থানীয় সংবাদকর্মীরা উপস্থিত ছিলেন। সভায় উপজেলা নির্বাহী কর্মকর্তা রুমানা আফরোজ বলেন, সরকার ভিজিএফ'র উপকারভোগীদের তালিকা হালনাগাদের জন্য ১৫ দিনের সময় নির্ধারণ করেছে। সকলের আন্তরিক সহযোগিতা পেলে নির্ধারিত সময়ের মধ্যেই সঠিক ও হালনাগাদ তালিকা প্রস্তুত করা সম্ভব হবে বলে তিনি আশা প্রকাশ করেন। আলোচনা সভায় অংশ নেওয়া মৎস্যজীবী প্রতিনিধি ও রাজনৈতিক ব্যক্তিরা বলেন, অতীতে ভিজিএফের তালিকা প্রণয়নে দলীয়করণের অভিযোগ ছিল। তারা দাবি করেন, এবার যেন কোনো ধরনের অনিয়ম বা পক্ষপাতিত্ব না হয় এবং শুধুমাত্র প্রকৃত জেলেরা তালিকাভুক্ত হন। বক্তারা আরও জানান, চরফ্যাশনের ২১টি ইউনিয়ন ও একটি পৌরসভাসহ মোট ২২টি এলাকায় প্রায় ৪৪ হাজার জেলে কার্ড রয়েছে। তাদের অভিযোগ, বিগত সময়ে দলীয় বিবেচনায় প্রায় ২০ হাজার কার্ড প্রদান করা হয়েছে, যার ফলে অনেক প্রকৃত জেলে বঞ্চিত হয়েছেন। ভবিষ্যতে এমন অনিয়মের পুনরাবৃত্তি রোধ করে স্বচ্ছ ও নিরপেক্ষভাবে তালিকা হালনাগাদের দাবি জানান তারা। সভায় পূর্বের তালিকা থেকে ভূয়া জেলে বাদ দিয়ে হালনাগাদকৃত তালিকায় প্রকৃত জেলেদের নাম অর্ন্তভুক্তির বিষয়ে প্রয়োজনীয় সিদ্ধান্ত নেয়া হয়েছে।

গৌরনদীতে ৪৮ পরিবারকে

(ইউএনও) মো. ইব্রাহিম। এসময় উপস্থিত ছিলেন উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা (পিআইও) খোকন চন্দ্র বিশ্বাস, গৌরনদী উপজেলা বিএনপির আহ্বায়ক সৈয়দ সোহরাওয়ার আলম বিপ্লব, সদস্য সচিব শরিফ জহীর সাজ্জাদ হান্নান, সিনিয়র যুগ্ম আহ্বায়ক বদিউজ্জামান মিন্টু, যুগ্ম আহ্বায়ক শামীম খলিফা, পৌর বিএনপির ভারপ্রাপ্ত সদস্য সচিব শফিকুর রহমান শরীফ স্বপন, গৌরনদী প্রেসক্লাবের সভাপতি জহুরুল ইসলাম জহির, খানজাপুর ইউনিয়ন বিএনপির যুগ্ম আহ্বায়ক মো. ইমদাদ শিকদারসহ রাজনৈতিক, সামাজিক ও গণ্যমান্য ব্যক্তিবর্গ। অনুষ্ঠানে উপজেলা নির্বাহী কর্মকর্তা মো. ইব্রাহিম বলেন, "প্রাকৃতিক দুর্যোগে ক্ষতিগ্রস্ত মানুষের পাশে দাঁড়ানো সরকারের অন্যতম অঙ্গীকার। ক্ষতিগ্রস্ত পরিবারগুলো যেন দ্রুত তাদের বসতঘর পুনর্নির্মাণ করতে পারে, সে লক্ষ্যেই এই সহায়তা প্রদান করা হচ্ছে। সরকারি সহায়তা বিতরণে স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিত করা হচ্ছে এবং প্রকৃত ক্ষতিগ্রস্তরাই যেন এ সুবিধা পান, সে বিষয়ে উপজেলা প্রশাসন সর্বোচ্চ গুরুত্ব দিচ্ছে।" উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা খোকন চন্দ্র বিশ্বাস জানান, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ের বরাদ্দ অনুযায়ী মোট ৪৮ জন ক্ষতিগ্রস্ত পরিবারের প্রত্যেককে ৪৮ বান্ডিল ঢেউটিন এবং নগদ ৩ হাজার টাকা করে আর্থিক অনুদান প্রদান করা হয়েছে। তিনি আরও বলেন, "সরকারের নির্দেশনা অনুযায়ী প্রকৃত ক্ষতিগ্রস্তদের তালিকা যাচাই-বাছাই করে এ সহায়তা প্রদান করা হয়েছে। ভবিষ্যতেও দুর্যোগে ক্ষতিগ্রস্ত মানুষের পাশে থেকে সরকারি সহায়তা দ্রুত পৌঁছে দিতে আমরা কাজ করে যাব।" অনুষ্ঠান শেষে উপকারভোগীদের হাতে ঢেউটিন ও আর্থিক অনুদান বিতরণ করা হয়। এ সময় সহায়তা পাওয়া পরিবারগুলো সরকারের এই মানবিক উদ্যোগের জন্য কৃতজ্ঞতা প্রকাশ করেন এবং স্থানীয়রা এ ধরনের সহায়তা কার্যক্রমকে সময়োপযোগী ও জনকল্যাণমূলক উদ্যোগ হিসেবে অভিহিত করেন।

গৌরনদীতে নারীর প্রজনন ও মানসিক

বৈঠক অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন গৌরনদী উপজেলা নির্বাহী কর্মকর্তা (ইউএনও) ও জাতীয় মহিলা সংস্থার উপজেলা চেয়ারম্যান মো. ইব্রাহিম। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন গৌরনদী উপজেলার সহকারী কমিশনার (ভূমি) মো. মেহেদী হাসান এবং গৌরনদী উপজেলা বিএনপির আহ্বায়ক সৈয়দ সরোয়ার আলম বিপ্লব। প্রধান আলোচক হিসেবে উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, গৌরনদীর জরুরি চিকিৎসা কর্মকর্তা ডা. স্নিগ্ধা নুজহাত নারীর প্রজনন ও মানসিক স্বাস্থ্য, মাতৃস্বাস্থ্য, কিশোরীদের স্বাস্থ্য সচেতনতা এবং মানসিক সুস্থতা বিষয়ে বিস্তারিত আলোচনা করেন। তিনি নারীদের নিয়মিত স্বাস্থ্য পরীক্ষা, স্বাস্থ্যসেবা গ্রহণ এবং মানসিক সুস্থতা বজায় রাখার ওপর গুরুত্বারোপ করেন। অনুষ্ঠানে আরও উপস্থিত ছিলেন গৌরনদী উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা জাহানারা পারভীন এবং গৌরনদী প্রেসক্লাবের সভাপতি জহুরুল ইসলাম জহির। সমগ্র অনুষ্ঠানটির সভাপতিত্ব করেন জাতীয় মহিলা সংস্থা, গৌরনদী, বরিশাল-এর দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা মো. সহিদুল ইসলাম মৃধা। বৈঠকে বাল্যবিবাহ, যৌতুক, নারী ও শিশু নির্যাতন, পারিবারিক সহিংসতা, কর্মক্ষেত্রে যৌন হয়রানি, নারীর ক্ষমতায়ন, সাইবার অপরাধ এবং মাদকের ক্ষতিকর প্রভাব নিয়ে বিস্তারিত আলোচনা করা হয়। পাশাপাশি অংশগ্রহণকারীদের বিভিন্ন সরকারি সেবা, আইনি সহায়তা ও সচেতনতামূলক কার্যক্রম সম্পর্কে অবহিত করা হয়। বক্তারা বলেন, নারীর স্বাস্থ্য, অধিকার ও নিরাপত্তা নিশ্চিত করতে পরিবার, সমাজ, জনপ্রতিনিধি, গণমাধ্যম এবং সরকারি-বেসরকারি প্রতিষ্ঠানের সমন্বিত উদ্যোগ অপরিহার্য। তারা বাল্যবিবাহ, যৌতুক ও সব ধরনের সহিংসতা প্রতিরোধে সবাইকে সচেতন ভূমিকা পালনের আহ্বান জানান। আয়োজকদের মতে, এ ধরনের উঠান বৈঠক নারীর ক্ষমতায়ন, স্বাস্থ্য সুরক্ষা এবং একটি নিরাপদ, বৈষম্যহীন ও সহিংসতামুক্ত সমাজ গঠনে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে।

র‌্যাবের অভিযানে পিকআপ

কার্যক্রম পরিচালনা করে। র‌্যাবের চেকপোস্ট দেখে অপরাধী চক্র দ্রুত গাড়ি নিয়ে পালিয়ে যাওয়ার চেষ্টা করে। র‌্যাব ও তাদের পিছু ধাওয়া করে দুমকি গামী রাস্তার আঙ্গারিয়া বাজারস্থ আঙ্গারিয়া ব্রিজে পিকআপটিকে চালকবিহীন অবস্থায় পায়। স্থানীয়দের সূত্রে জানা যায়, গাড়ির ড্রাইভারসহ আরও দুই ব্যক্তি গাড়িটি রেখে পালিয়ে যায়। এরপর পিকআপটিতে তল্লাশি করে বডির নীচে চেসিসের ফাঁকা যায়গার মধ্যে রক্ষিত টেপ ও পলিথিন দ্বারা মোড়ানো ৬৬ কেজি গাঁজা উদ্ধার করে। এ বিষয়ে পটুয়াখালী দুমকি থানায় আসামিদের বিরুদ্ধে মাদকের নিয়মিত মামলা ও এজাহার দায়ের এবং উদ্ধারকৃত আলামত পুলিশের কাছে হস্তান্তর করা হয়। মাদকমুক্ত বাংলাদেশ গড়ার প্রত্যয়ে র‌্যাব-৮, বরিশাল নিরলসভাবে কাজ করে যাচ্ছে। মাদকের বিরুদ্ধে র‌্যাব-৮, বরিশাল এর এ কঠোর অভিযান ভবিষ্যতেও অব্যাহত থাকবে বলে জানায় কর্তৃপক্ষ।

সিএনজি ভাংচুর ও প্রতিবন্ধকতা বন্ধের

ক্ষমতার প্রভাব খাটিয়ে ভোলা চরফ্যাশন সড়কে সিএনজি পরিবহনে প্রতিবন্ধকতা তেরী করে। সিএনজিতে ৫ জন যাত্রী ধারন ক্ষমতা থাকা সত্বেও বাস মালিক সমিতি ভাড়াটে লোক দিয়ে ভোলা চরফ্যাশন সড়কে পথিমধ্যে কয়েকটি জায়গায় সিএনজি থামিয়ে ২ জন করে লোক নামিয়ে দেয়। কোথাও কোথাও সিএনজি গাড়ী ভাংচুর করে এমনকি চালকদের মারধর ও করে। এ নিয়ে প্রায়ই ভোলা চরফ্যাশন সড়কে বাস মালিক সমিতির সাথে সিএনজি চালকদের সংঘর্ষ বাধে। বাস মালিকদের এ ধরনের দৌরাত্ব বন্দের দাবীতে সিএনজি মালিক ও চালকরা মানববন্ধন থেকে এ দাবী করেন। মানববন্ধন শেষে সিএনজি চালক ও মালিকরা জেলা প্রশাসক বরাবরে স্বারকলিপি পেশ করেন। উল্লেখ্য ভোলা চরফ্যাশন সড়কে যাত্রী পরিবহন নিয়ে প্রায়ই বাস মালিক সমিতি ও সিএনজি চালকদের সাথে বাকবিতন্ডা এমনকি সংঘর্ষ বাধে। তাদের এই আধিপত্য লড়াইয়ে ভোগান্তী পোহাতে হয় সাধারন যাত্রীদের। যাত্রীগন এ ধরনের ভোগান্তী রক্ষার্থে রাজনৈতিক নেতৃবৃন্দ সহ প্রশাসনের হস্তক্ষেপ কামনা করেছে।

শুভসন্ধ্যা সৈকতে গোসলে

চারজনকে উদ্ধার করা গেলেও আসাদুলের সন্ধান পাওয়া যায়নি। জানা যায়, ভেসে যাওয়ার সময় আসাদুল কিছুক্ষণ মাছ ধরার জন্য সমুদ্রে গেড়ে রাখা একটি খুঁটি ধরে ছিলেন। পরে প্রবল স্রোতে তিনি খুঁটি ছেড়ে পানিতে তলিয়ে যান এবং নিখোঁজ হন। পরে স্থানীয়রা বিষয়টি পুলিশ ও ফায়ার সার্ভিসকে জানালে স্থানীয়দের সহায়তায় উপজেলা নির্বাহী কর্মকর্তা মো. জাহিদুল ইসলামের উপস্থিতিতে ফায়ার সার্ভিস, পুলিশ ও নৌ পুলিশের সদস্যরা ঘটনাস্থলে উদ্ধার অভিযান শুরু করেন। এ বিষয়ে তালতলী থানার ওসি (তদন্ত) মো. শরিফুল ইসলাম বলেন, 'পাঁচ বন্ধু একসঙ্গে সমুদ্রে গোসল করতে নেমেছিলেন। তাদের মধ্যে আসাদুল নামে একজন স্রোতে ভেসে গিয়ে নিখোঁজ হয়েছে। তাকে উদ্ধারে ফায়ার সার্ভিস, পুলিশ ও নৌ পুলিশের সমন্বয়ে অভিযান চলমান। তবে এখন পর্যন্ত নিখোঁজ পর্যটক আসাদুলের কোনো সন্ধান পাওয়া যায়নি।

রাজাপুরে আধিপত্য বিস্তারকে

মো. তাইফ, মো. শামীম আকন এবং মো. অপু। আহতদের উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স ও স্থানীয় একটি ক্লিনিকে চিকিৎসা দেওয়া হয়েছে। তাদের মধ্যে সজীব উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে ভর্তি রয়েছেন। আহত সজীব অভিযোগ করেন, এলাকায় মাদক ব্যবসার প্রতিবাদ করায় তার ওপর হামলা চালানো হয়েছে। হামলাকারীরা মাদক ব্যবসার সঙ্গে জড়িত এবং তাদের বিরুদ্ধে একাধিক মাদক মামলা রয়েছে বলেও তিনি দাবি করেন। তিনি অভিযুক্তদের বিরুদ্ধে আইনগত ব্যবস্থা নেওয়ার দাবি জানান। মো. সোহেল আকনের চাচাতো ভাই মো. মামুন আকন বলেন, চাঁদা দাবিকে কেন্দ্র করে ঘটনার সূত্রপাত। চাঁদা না দেওয়ায় ডাব নিয়ে যাওয়ার সময় বাধা দেওয়াকে কেন্দ্র করে সজীব ও তার লোকজন হামলা চালান। তার দাবি, সজীব নিজের হাতে থাকা ছুরির আঘাতে আহত হয়েছেন। রাজাপুর থানার ওসি (তদন্ত) মো. ফিরোজ জানান, এক পক্ষের অভিযোগের ভিত্তিতে রাতেই একটি মামলা রুজু করা হয়েছে। ঘটনার তদন্ত চলছে।

হিজলা ভূমি অফিস; নাজির ওদুদ

হয়রানি করা হয়। এমনকি অর্থের বিনিময়ে অনিয়মকে বৈধতা দেওয়ার অভিযোগও উঠেছে একটি অসাধু চক্রের বিরুদ্ধে। াজির ওদুদ মুন্সীর বিরুদ্ধে আরও অভিযোগ রয়েছে, তিনি অতীতে ছাত্রলীগের রাজনীতির সঙ্গে যুক্ত ছিলেন এবং সাবেক সংসদ সদস্য পঙ্কজ নাথের ঘনিষ্ঠ পরিচয় ব্যবহার করে দীর্ঘদিন প্রভাব বিস্তার করেছেন। ক্ষমতার প্রভাব খাটিয়ে সরকারি চাকরির সীমিত আয়ের বাইরে বিপুল সম্পদের মালিক হয়েছেন বলেও অভিযোগ করেন স্থানীয়রা। তাদের দাবি, তার সম্পদের উৎস অনুসন্ধানে সংশ্লিষ্ট কর্তৃপক্ষের তদন্ত করা উচিত। এছাড়া তার ব্যক্তিগত জীবন ও আচরণ নিয়েও এলাকায় নানা অভিযোগ রয়েছে। অভিযোগকারীদের দাবি, প্রভাব খাটিয়ে সাধারণ মানুষকে ভয়ভীতি প্রদর্শন ও হয়রানির ঘটনাও ঘটেছে একাধিকবার। আরও অভিযোগ রয়েছে, তার এক স্ত্রী বরজালিয়া ইউনিয়ন ভূমি অফিসে অফিস সহকারী হিসেবে কর্মরত থাকলেও নিয়মিত অফিসে উপস্থিত না থেকে বাসায় বসেই হাজিরা খাতায় স্বাক্ষর করেন। এ বিষয়ে জালিয়াতির অভিযোগও তুলেছেন কয়েকজন স্থানীয় বাসিন্দা। তবে এসব অভিযোগের সত্যতা স্বাধীনভাবে যাচাই করা সম্ভব হয়নি। এদিকে, দেশের ভূমি প্রশাসনে দুর্নীতি ও ঘুষ বাণিজ্যের বিষয়টি নতুন নয়। বিভিন্ন সময়ে ট্রান্সপারেন্সি ইন্টারন্যাশনাল বাংলাদেশ (টিআইবি) এবং অন্যান্য গবেষণা প্রতিষ্ঠানের প্রতিবেদনে ভূমি খাতকে দুর্নীতিপ্রবণ সেবাখাতগুলোর অন্যতম হিসেবে উল্লেখ করা হয়েছে। এ বিষয়ে জানতে অভিযুক্ত নাজির ওদুদ মুন্সীর বক্তব্য নেওয়ার চেষ্টা করা হলেও তার বক্তব্য পাওয়া যায়নি। একইভাবে হিজলা উপজেলা সহকারী কমিশনার (ভূমি)-এর মন্তব্যও তাৎক্ষণিকভাবে পাওয়া সম্ভব হয়নি। তাদের বক্তব্য পাওয়া গেলে তা পরবর্তী সময়ে প্রকাশ করা হবে। সচেতন মহল মনে করছে, হিজলা উপজেলা ভূমি অফিসের বিরুদ্ধে ওঠা অভিযোগগুলো নিরপেক্ষ তদন্তের মাধ্যমে সত্যতা যাচাই করে দোষীদের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা জরুরি। পাশাপাশি ভূমি প্রশাসনে স্বচ্ছতা, জবাবদিহিতা ও জনবান্ধব সেবা নিশ্চিত করতে কার্যকর পদক্ষেপ গ্রহণেরও দাবি জানিয়েছেন তারা।

এফিডেভিট

আমি মাহফুজা আক্তার আমার এসএসসি ও এইচএসসি পরীক্ষার রেজিস্ট্রেশন কার্ড, প্রবেশ পত্র, একাডেমিক ট্রান্সক্রিপ্ট ও সনদ পত্রে আমার মাতার নাম মোসাঃ হেলেনা (MST. HELAENA) এর স্থলে ভুলক্রমে আমার সৎ মাতার নাম SALMA AKTER লিপিবদ্ধ করা হইয়াছে। প্রকৃতপক্ষে আমার মাতার নাম SALMA AKTER এর স্থলে সঠিক নাম মোসাঃ হেলেনা (MST. HELAENA) পড়তে হবে। এসএসসি রোল নং- ৪০৫৫২২, রেজিঃ নং-৭৭৩৯৯০, সেশনঃ ২০০৭-২০০৮, প্রতিষ্ঠানের নাম- A.R.S SECONDARY GIRL'S SCHOOL, জিপিএ- ৪.৫০। এইচএসসি রোল নং-৬২৪৯৪৪, রেজিঃ ২১২৭৩৬, সেশনঃ ২০০৯-২০১০, প্রতিষ্ঠানের নাম- AMRITALAL DEY COLLEGE, BARISHAL, জিপিএ- ৪.৪০উভয় শিক্ষাবোর্ড-বরিশাল। যা মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট আদালতে হলফনামার মাধ্যমে সংশোধন করা হয়েছে। হলফ নং- ৮৮৯, তারিখঃ ২১/০৫/২০২৬ ইং।

বিনীত
মাহফুজা আক্তার

দৈনিক কীর্তনখোলা
আত্মপ্রত্যয়ী প্রতিদিন
বরিশাল ॥ বুধবার ॥ ০৮ জুলাই ২০২৬ ॥ ২৩ আষাঢ় ১৪৩৩

ভিসা নিয়ে সুখবর দিলো সৌদি আরব

কীর্তনখোলা ডেস্ক
ভিসা নিয়ে সুখবর দিলো সৌদি আরব। পর্যটকদের ভ্রমণ আরও সহজ করতে দেশটিতে চালু হলো নতুন 'প্যাকেজ ভিসা'। এর আওতায় যোগ্য ভ্রমণকারীরা একটি সমন্বিত প্যাকেজের মাধ্যমেই পর্যটন ভিসা পাবেন। এর মধ্যেই ৩ এর পাতায় দেখুন

চলতি বছর বৈশ্বিক গ্যাসের চাহিদা কমবে, বলছে আইইএ

কীর্তনখোলা ডেস্ক
উচ্চ মূল্য এবং সরবরাহ সংকটের কারণে ২০২৬ সালে বিশ্বে প্রাকৃতিক গ্যাসের চাহিদা ০.৫ শতাংশ কমবে বলে পূর্বাভাস দিয়েছে আন্তর্জাতিক জ্বালানি সংস্থা (আইইএ)। সংস্থাটির তৃতীয় প্রান্তিকের গ্যাস মার্কেট রিপোর্ট-এ বলা ৩ এর পাতায় দেখুন

পিরোজপুর জেলা হাসপাতাল: শিশু ওয়ার্ডে ধারণক্ষমতার চেয়ে রোগী ৭ গুণ বেশি

পিরোজপুর প্রতিনিধি
পিরোজপুর জেলা হাসপাতালের শিশু ওয়ার্ডে ধারণ ক্ষমতার চেয়ে ৭ গুণ বেশি রোগী ভর্তি রয়েছে। হাম ও ঠান্ডা জনিত সমস্যা নিয়ে জেলার বিভিন্ন জায়গা থেকে চিকিৎসা সেবা নিতে এসে চরম ভোগান্তিতে পড়েছেন আক্রান্ত শিশুর অভিভাবকেরা। নবনির্মিত ২৫০ শয্যার হাসপাতালটি দ্রুত উদ্বোধনের কথা জানান তারা। পিরোজপুর জেলার ১২ লক্ষ মানুষের জন্য চিকিৎসার অন্যতম ভরসার জায়গা ১০০ শয্যার পিরোজপুর জেলা হাসপাতাল। রোগীরা পর্যাপ্ত বেড না থাকায় মেঝেতে থেকে চিকিৎসা সেবা নেওয়ায় চিকিৎসার মান নিয়ে প্রশ্ন তুলছেন অনেকেই। মাত্র ১৪ টি বেড-এর অনুকূলে বিভিন্ন রোগে আক্রান্ত হয়ে শিশু ভর্তি রয়েছে ১০৫ জন। এদের মধ্যে ৪২ জন হাম আক্রান্ত হয়ে চিকিৎসা নিচ্ছেন। এছাড়াও ডায়রিয়া, নিউমোনিয়া এবং তীব্র জ্বরে আক্রান্ত হয়ে ৬৩ জন শিশু রোগী চিকিৎসা নিচ্ছেন। ধারণক্ষমতার অতিরিক্ত রোগী আসায় হাসপাতালের নার্স ও ৩ এর পাতায় দেখুন

এখনো মেলেনি বঙ্গোপসাগরে নিখোঁজ ছয় জেলের সন্ধান

গলাচিপা প্রতিনিধি
বঙ্গোপসাগরের উত্তাল ঢেউ যেন এখনো গিলে রেখেছে ৬ জেলের ভাগ্য। ট্রলারডুবির ঘটনায় এখানো নিখোঁজদের কোনো সন্ধান মেলেনি। মঙ্গলবার (০৭ জুলাই) সরেজমিনে খরিদা ও তুলারাম গ্রামে গিয়ে দেখা যায়, প্রতিটি বাড়িতেই কান্না আর অপেক্ষার দীর্ঘশ্বাস। বাংলাদেশ কোস্ট গার্ড, নৌ-পুলিশ, স্থানীয় জেলে ও আশপাশে মাছ ধরার ট্রলারগুলোর সমন্বয়ে টানা উদ্ধার অভিযান চললেও এদিন বিকেল পর্যন্ত তাদের খুঁজে পাওয়া যায়নি। ট্রলারে থাকা ১১ জেলের মধ্যে পাঁচজনকে জীবিত উদ্ধার করা সম্ভব হলেও এখনো নিখোঁজ রয়েছেন ৬ জন। তারা হলেন- পানপট্টি ইউনিয়নের তুলারাম গ্রামের কেতাব আলী খাঁর ছেলে এমাদুল খাঁ (৪৫), খরিদা গ্রামের গেদু হাওলাদারের ছেলে হারুন ৩ এর পাতায় দেখুন

হিজলা ভূমি অফিস; নাজির ওদুদ মুন্সীর খুটির জোর কোথায়?

কীর্তনখোলা রিপোর্ট

বরিশালের হিজলা উপজেলা ভূমি অফিসে ঘুষ, দুর্নীতি, অনিয়ম ও হয়রানির অভিযোগে সাধারণ মানুষের মধ্যে তীব্র অসন্তোষ বিরাজ করছে। বিশেষ করে অফিসের নাজির ওদুদ মুন্সীর বিরুদ্ধে নানা অনিয়মের অভিযোগ দীর্ঘদিন ধরে স্থানীয়ভাবে আলোচিত হলেও এ বিষয়ে কার্যকর কোনো ব্যবস্থা নেওয়া হয়নি বলে অভিযোগ করেছেন ভুক্তভোগী ও এলাকাবাসী। স্থানীয়দের অভিযোগ, নামজারি, ভূমি উন্নয়ন কর (খাজনা) পরিশোধ, রেকর্ড সংশোধন, জমির কাগজপত্র যাচাইসহ বিভিন্ন সেবা নিতে গিয়ে ঘুষের চাপের মুখে পড়তে হয়। অভিযোগ অনুযায়ী, নির্ধারিত প্রক্রিয়ায় আবেদন করলেও অতিরিক্ত অর্থ প্রদান না করলে ফাইল আটকে রাখা, অযথা ঘুরানো এবং বিভিন্নভাবে ৩ এর পাতায় দেখুন

টোকেন নিয়েও জরিমানার অভিযোগ বিপাকে ইজিবাইক চালকেরা

কীর্তনখোলা রিপোর্ট
দেশজুড়ে ব্যাটারিচালিত ইজিবাইক ও অটোরিকশার সংখ্যা বাড়লেও এসব যানবাহনের জন্য এখনো কোনো জাতীয় নীতিমালা বা নিবন্ধন ব্যবস্থা চূড়ান্ত হয়নি। এই আইনি অস্পষ্টতার মধ্যেই বরিশাল সিটি করপোরেশন (বিসিসি) ইজিবাইকের টোকেন নবায়ন করছে। তবে চালকদের অভিযোগ, টোকেন থাকার পরও লাইসেন্সের নামে তাদের জরিমানা ও মামলা দিয়ে হয়রানি করা হচ্ছে। এমন পরিস্থিতিতে ইজিবাইকের জন্য দ্রুত নীতিমালা প্রণয়ন, প্রকৃত চালক ও মালিকদের অনুমোদন প্রদান এবং টোকেনের নামে হয়রানি বন্ধের দাবি জানিয়েছে 'রিকশা, ব্যাটারিচালিত রিকশা-ভ্যান ৩ এর পাতায় দেখুন

সিএনজি ভাঙচুর ও প্রতিবন্ধকতা বন্ধের দাবিতে চালক ও মালিকদের মানববন্ধন

বোরহানউদ্দিন প্রতিনিধি
ভোলা চরফ্যাশন সড়কে সিএনজি ভাংচুর, চলাচলে প্রতিবন্ধকতা সৃস্টি করা এবং নিব্রিঘ্নে যাত্রী পরিবহন ও বাস মালিক সমিতির দৌরাত্ম কমাতে মানববন্ধন ও স্বারকলিপি দিয়েছে সিএনজি চালক ও মালক সমিতি। মঙ্গলবার বেলা সাড়ে ১২টায় ভোলার বোরহানউদ্দিন উপজেলার উত্তর বাসষ্টান্ডে এ মানববন্ধন অনুষ্ঠিত হয়। এ সময় সিএনজির চালক ও মালিকরা অভিযোগ করে বলেন- সরকারী নিয়ম অনুযায়ী বৈধ পারমিট নিয়ে সিএনজি চালকরা যাত্রী সেবা দিয়ে আসছে। কিন্তু বাস মালিক সমিতি ৩ এর পাতায় দেখুন

মুলাদীতে বিএনপি নেতা তোফায়েলের রুহের মাগফেরাত কামনায় দোয়া

মুলাদী প্রতিনিধি
মুলাদী পৌরসভার ২ নং ওয়ার্ড বিএনপি নেতা তোফায়েল গাজীর রুহের মাগফিরাত কামনায় দোয়া মোনাজাতের আয়োজন করে ওয়ার্ড বিএনপি নেতৃবৃন্দ। গতকাল মঙ্গলবার বাদ আসর ২ নং ওয়ার্ডের বাইতুল মামুর জামে মসজিদে অনুষ্ঠিত দোয়া মোনাজাতে উপস্থিত ছিলেন, মুলাদী উপজেলা বিএনপির সদস্য সচিব কাজী কামাল হোসেন, পৌরসভা বিএনপির আহবায় এনামুল হক ইনু, উপজেলা জামায়াতে ইসলামীর আমির মাওলানা আবু সালে, পৌরসভা বিএনপি'র যুগ্ন আহবায়ক অধ্যক্ষ ইফতেখার আলম লিটন, ওয়ার্ড বিএনপি নেতা রফিকুল আলম খান, নাসির উদ্দিন হাওলাদার, রাসেল মল্লিক, পৌরসভা স্বেচ্ছাসেবক দল নেতা তামিম মল্লিক, যুবদল নেতা সাকিব মল্লিক, মুলাদী সরকারি ৩ এর পাতায় দেখুন

প্রশাসনিক উপজেলা ঘোষণার প্রস্তুতি ঘিরে উপকূলে উৎসবের আমেজ

কলাপাড়া প্রতিনিধি
পটুয়াখালীর মহিপুর থানাকে প্রশাসনিক উপজেলা হিসেবে ঘোষণার প্রস্তুতির খবরে কুয়াকাটা উপকূলের সাধারণ মানুষের মাঝে বিরাজ করছে এখন উৎসবের আমেজ। জানা গেছে, স্থানীয় সংসদ সদস্য এবিএম মোশাররফ হোসেন এমপি তার নির্বাচনী প্রতিশ্রুতিতে মহিপুরকে উপজেলা ঘোষণার কথা বলেছিলেন। নির্বাচনের পর গত ৫ জুন প্রধানমন্ত্রী বরাবর মহিপুর থানাকে প্রশাসনিক উপজেলা হিসেবে ঘোষণার আবেদন করেন স্থানীয় সাংসদ। ওই আবেদনের পরিপ্রেক্ষিতে গত ৭ জুন প্রধানমন্ত্রীর ৩ এর পাতায় দেখুন

শুভসন্ধ্যা সৈকতে গোসলে নেমে পর্যটক নিখোঁজ

তালতলী প্রতিনিধি
বরগুনার তালতলীতে শুভসন্ধ্যা সমুদ্র সৈকতে গোসল করতে নেমে সাগরের উত্তাল ঢেউ ও তীব্র স্রোতে এক পর্যটক নিখোঁজ হয়েছেন। ঘটনার পর ফায়ার সার্ভিস, পুলিশ ও নৌ পুলিশের সদস্যদের উদ্ধার অভিযানেও তার সন্ধান মেলেনি। মঙ্গলবার (৭ জুলাই) দুপুর সাড়ে ১২টার দিকে উপজেলার পর্যটন কেন্দ্র শুভসন্ধ্যা সমুদ্র সৈকতে এ ঘটনা ঘটে। তালতলী থানা পুলিশের ওসি (তদন্ত) মো. শরিফুল ইসলাম বিষয়টি নিশ্চিত করেন। নিখোঁজ কিশোরের নাম মো. আসাদুল (১৬)। সে বরগুনার আমতলী উপজেলার মানিকঝুড়ি এলাকার মো. মুসার ছেলে। পুলিশ ও স্থানীয় সূত্রে জানা যায়, দুপুর ১২টার দিকে আসাদুলসহ সমবয়সী চারজন একসঙ্গে শুভসন্ধ্যা সমুদ্র সৈকতে ঘুরতে আসেন। পরে তারা সৈকতে ঘোরাঘুরি করে গোসলের জন্য সমুদ্রে নামেন। তবে নিম্নচাপের প্রভাবে সাগরের পানি উত্তাল থাকায় আসাদুলসহ অন্যরা স্রোতে ভেসে যায়। বিষয়টি টের পেয়ে স্থানীয়দের সহায়তায় ৩ এর পাতায় দেখুন

র‍্যাবের অভিযানে পিকআপ থেকে ৬৬ কেজি গাঁজা উদ্ধার

দুমকি প্রতিনিধি
পটুয়াখালীর দুমকি উপজেলার আঙ্গারিয়া ব্রিজ সংলগ্ন এলাকায় একটি পিকআপ থেকে ৬৬ কেজি গাঁজা উদ্ধার করেছে র‍্যাব-৮। মঙ্গলবার গভীর রাতে পটুয়াখালী ক্যাম্প এবং র‍্যাব-৮, সিপিএসসি, বরিশাল এর একটি আভিযানিক দল দুমকী থানা এলাকায় মাদকবিরোধী অভিযান পরিচালনা করে এ মাদক উদ্ধার করে। র‍্যাব জানায়, ঢাকা হতে পিকআপে করে অসাধু মাদক ব্যবসায়ী চক্র অবৈধ মাদকদ্রব্য গাঁজা বিক্রির জন্য নিয়ে যাচ্ছিল। এমন সংবাদের সত্যতা যাচাইয়ের নিমিত্তে র‍্যাবের একটি আভিযানিক দল লেবুখালী পাগলার মোড় এলাকায় অবস্থান নেয় এবং চেকপোস্ট ৩ এর পাতায় দেখুন

গৌরনদীতে ৪৮ পরিবারকে ঢেউটিন ও আর্থিক অনুদান

এস এম নয়ন, গৌরনদী
দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ের বরাদ্দে বরিশালের গৌরনদী উপজেলায় প্রাকৃতিক দুর্যোগে ক্ষতিগ্রস্ত ৪৮টি পরিবারের মাঝে ঢেউটিন ও আর্থিক অনুদানের চেক বিতরণ করা হয়েছে। মঙ্গলবার (৭ জুলাই) সকাল ১১টায় গৌরনদী উপজেলা পরিষদ প্রাঙ্গণে উপজেলা প্রশাসন ও দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তরের আয়োজনে এ বিতরণ অনুষ্ঠান অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে ক্ষতিগ্রস্ত পরিবারের হাতে সরকারি বরাদ্দের ঢেউটিন ও আর্থিক অনুদান তুলে দেন গৌরনদী উপজেলা নির্বাহী কর্মকর্তা ৩ এর পাতায় দেখুন

মঠবাড়িয়ায় তিন দিনের মধ্যে ভাঙা কালভার্ট সংস্কার

মঠবাড়িয়া প্রতিনিধি
পিরোজপুরের মঠবাড়িয়া উপজেলার বড়মাছুয়া ইউনিয়নের ৮ ও ৯ নম্বর ওয়ার্ডের সংযোগস্থল বালাবাড়ি এলাকার দীর্ঘদিনের ভাঙা কালভার্টটি উপজেলা নির্বাহী কর্মকর্তা (ইউএনও) আকলিমা আক্তারের উদ্যোগে সংস্কার করা হয়েছে। মঙ্গলবার (৭ জুলাই) কালভার্ট-এর সংস্কারকাজ পরিদর্শন করেন ইউএনও। সম্প্রতি ভারি বৃষ্টিতে কালভার্টটি ভেঙে যাওয়ায় শিক্ষার্থী ৩ এর পাতায় দেখুন

জেলে পরিবারের তালিকা হালনাগাদে মতবিনিময়

চরফ্যাশন প্রতিনিধি
জেলেদের জাতীয় তথ্যভান্ডার হালনাগাদ ও মানবিক সহায়তা কর্মসূচির (ভিজিএফ) আওতায় সঠিক উপকারভোগী বাছাইয়ের জন্য উপজেলা ও ইউনিয়ন পর্যায়ে নিয়মিত মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়। দেশব্যাপী প্রকৃত জেলেদের ডেটাবেজ হালনাগাদের কাজ চলমান রয়েছে । তারই ধারাবাহিকতায় চরফ্যাশন উপজেলায় জেলে পরিবারের তালিকা হালনাগাদ করণে সভা অনুষ্ঠিত হয়েছে। মঙ্গলবার ৭জুলাই উপজেলা পরিষদ সভা কক্ষে উপজেলা নির্বাহী অফিসার রুমানা আফরোজ'র সভাপতিত্বে এ উপলক্ষে অনুষ্ঠিত সভায় সহকারী কমিশনার মো. এমাদুল হোসেন, সাবেক পৌর মেয়র আমিরুল ইসলাম উপজেলা বিএনপির সাবেক সহ-সভাপতি হেলাল উদ্দিন টিপু, সাবেক উপজেলা যুবদল সভাপতি ৩ এর পাতায় দেখুন

পল্লী বিদ্যুতের সাবস্টেশনে আগুন, ৬৭ হাজার গ্রাহক বিদ্যুৎ বিচ্ছিন্ন

বরগুনা প্রতিনিধি
বরগুনায় পল্লী বিদ্যুতের গ্রিড সাবস্টেশনে অগ্নিকাণ্ডের ঘটনায় বিদ্যুৎ বিচ্ছিন্ন হয়ে পড়েছেন প্রায় ৬৭ হাজার গ্রাহক। আগুনে সাবস্টেশনের বিভিন্ন যন্ত্রাংশ ক্ষতিগ্রস্ত হওয়ায় সদর উপজেলার ১০টি ইউনিয়নে বিদ্যুৎ সরবরাহ বন্ধ রয়েছে। সোমবার (৭ জুলাই) রাত সাড়ে ১০টার দিকে বরগুনা সদর উপজেলার ২ নম্বর গৌরীচন্না ইউনিয়নের খেজুরতলা নামক এলাকার গ্রিড সবস্টেশনে এ অগ্নিকাণ্ডের ঘটনা ঘটে। পল্লি বিদ্যুৎ এর বরগুনা জোনাল অফিসের ডিজিএম মোহাম্মদ নাজমুল হাসান রাতে বিষয়টি নিশ্চিত করেছেন। পল্লী বিদ্যুৎ সমিতির ও স্থানীয় সূত্রে জানা যায়, বরগুনা সদর উপজেলার গৌরীচন্না ইউনিয়নের খেজুরতলা এলাকার ৩ এর পাতায় দেখুন

রাজাপুরে আধিপত্য বিস্তারকে কেন্দ্র করে সংঘর্ষ, ছাত্রদল নেতা আহতসহ পাঁচ

সুদেব মালাকার, রাজাপুর
ঝালকাঠির রাজাপুর উপজেলায় আধিপত্য বিস্তারকে কেন্দ্র করে দুই পক্ষের সংঘর্ষে ইউনিয়ন ছাত্রদলের এক নেতাসহ উভয় পক্ষের অন্তত পাঁচজন আহত হয়েছেন। সোমবার রাতে উপজেলার সাতুরিয়া ইউনিয়নের লেবুবুনিয়া বাজার এলাকায় এ ঘটনা ঘটে। খবর পেয়ে পুলিশ ঘটনাস্থল ও উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স পরিদর্শন করেছে। পুলিশ ও স্থানীয় সূত্রে জানা গেছে, লেবুবুনিয়া এলাকায় আধিপত্য বিস্তারকে কেন্দ্র করে দীর্ঘদিন ধরে দুটি পক্ষের মধ্যে বিরোধ চলে আসছিল। এরই ধারাবাহিকতায় সোমবার রাতে ডাব কেনাবেচা নিয়ে দুই পক্ষের মধ্যে কথা-কাটাকাটির একপর্যায়ে সংঘর্ষের ঘটনা ঘটে। সংঘর্ষে আহত হন সাতুরিয়া ইউনিয়ন ছাত্রদলের সভাপতি মো. সজীব, তার ভাই মো. মেহেদী হাসান বাবুল ৩ এর পাতায় দেখুন

ডেন্টাল ডিপ্লোমাধারীদের সীমিত পরিসরে প্রাইভেট প্র্যাকটিস রেজিস্ট্রেশন বাস্তবায়নের দাবিতে জেলা প্রশাসকের মাধ্যমে প্রধানমন্ত্রী বরাবর স্মারকলিপি প্রদান করা হয় -কীর্তনখোলা

গৌরনদীতে নারীর প্রজনন ও মানসিক স্বাস্থ্য সচেতনতায় উঠান বৈঠক

এস এম নয়ন, গৌরনদী
নারীর প্রজনন ও মানসিক স্বাস্থ্য সুরক্ষা, বাল্যবিবাহ, যৌতুক, নারী ও শিশু নির্যাতন, পারিবারিক সহিংসতা, কর্মক্ষেত্রে যৌন হয়রানি, নারীর ক্ষমতায়ন, সাইবার অপরাধ ও মাদকের ক্ষতিকর প্রভাব সম্পর্কে জনসচেতনতা বৃদ্ধির লক্ষ্যে বরিশালের গৌরনদীতে একটি উঠান বৈঠক অনুষ্ঠিত হয়েছে। মঙ্গলবার (৭ জুলাই) সকাল ১১টায় গৌরনদী উপজেলার বিল্লগ্রাম বাজারে জাতীয় মহিলা সংস্থা, গৌরনদী, বরিশাল-এর আয়োজনে এ সচেতনতামূলক উঠান ৩ এর পাতায় দেখুন

মাদকাসক্তি ও মানসিক
রোগীদের সর্বাধুনিক চিকিৎসা এখন বরিশালে
দি নিউ লাইফ
মহিলা রোগীদের জন্য পৃথক ওয়ার্ড
যোগাযোগ: ১নং সিএন্ডবি পুল (কাজীপাড়া সংলগ্ন), বরিশাল।
০১৭১৩-৯৫০৯৪১
০১৭১৩-১৬৯৮২৮

অধ্যাপক ডাঃ সৈয়দ জাহিদ হোসেন
এম.বি.বি.এস; এফ.সি.পি.এস. ফেলো ডব্লিউ. এইচ.ও (অস্ট্রেলিয়া)
অধ্যক্ষ ও অধ্যাপক (বিভাগীয় প্রধান), শিশু বিভাগ (এক্স)
শের-ই-বাংলা মেডিকেল কলেজ ও হাসপাতাল, বরিশাল।
নবজাতক, শিশু ও কিশোর রোগ বিশেষজ্ঞ
চেম্বার: এ্যাপোলো ডায়াগনস্টিক কমপ্লেক্স শের-ই-বাংলা মেডিকেল কলেজ এর সামনে বাঁধ রোড, বরিশাল।
রোগী দেখার সময়: প্রতিদিন সকাল ১০টা থেকে দুপুর ২টা
সিরিয়ালের জন্য: ০১৭১৪-০৬৭৮৮৬, ০১৭০৬-৩৫৪৯৭৫
চেম্বার: মেডিনোভা মেডিকেল সার্ভিসেস লিঃ কে.বি হেমায়েত উদ্দিন রোড (গির্জামহল্লা), বরিশাল।
রোগী দেখার সময়: প্রতিদিন বিকাল ৪টা থেকে রাত ১০টা
সিরিয়ালের জন্য: ০১৭৫২-১৩৪৪৩৮, ০১৭১১-২৪০৯৬৯
বাসা: বসুন্ধরা হাউজিং, রূপাতলী, বরিশাল

বিসমিল্লাহির রাহমানির রাহিম
কম্পিউটারের সবকিছুই আপনার নাগালে
ঈশিতা কম্পিউটার
All Kinds Of Computer Solution.
Accessories Selling, Training
& Digital Photography
উপজেলা রোড, আগৈলঝাড়া, বরিশাল। মোবাইল: ০১৭১৫২১৩৫৪৬

প্রধান সম্পাদক: মো: ফিরোজ আহম্মেদ মোল্লা, ভারপ্রাপ্ত সম্পাদক: মিতা মোস্তফা, সহযোগী সম্পাদক: আল হাফিজ, নির্বাহী সম্পাদক: এম জামান, প্রকাশক: কাজী মিরাজ মাহমুদ কর্তৃক মায়ের দোয়া অফসেট প্রিন্টিং প্রেস, হাসপাতাল রোড, বরিশাল থেকে মুদ্রিত ও বার্তা কার্যালয় ঃ সৌরভ লজ, গোড়াচাঁদ দাস রোড, বরিশাল-৮২০০। মোবাঃ ০১৭১২-৯২৬৮৩৬, E-Mail: dailykirtonkhola@gmail.com